হৃদয় বাঁশির সুর

মাহফুজুর রহমান আখন্দ

মাহফুজুর রহমান আখন্দ

হৃদয় বাঁশির সুর

পরিবেশ

www.pathagar.com

www.pathagar.com

মাহফুজুর রহমান আখন্দ

হৃদয় বাঁশির সুর

www.pathagar.com

মাহফুজুর রহমান আখন্দ
হৃদয় বাঁশির সুর

প্রকাশক
পরিলেখ
ঐশিক, আব্দুল হক সড়ক
রাণীনগর, ঘোড়ামারা, রাজশাহী

প্রথম প্রকাশ
১২ ১২ ১২

গ্রন্থস্বত্ব
নাজমা আখন্দ

প্রচ্ছদ
ইয়াহিয়া সেলিম

অক্ষরসজ্জা
মাহফুজুর রহমান আখন্দ
মুদ্রণ
পদ্মা অফসেট প্রিন্টার্স
মালোপাড়া, রাজশাহী

মূল্য
একশো পঞ্চাশ টাকা

Hridoy Banshir Shur
Mahfuzur Rahman Akhanda
Published by Porilekh

Cover desgin
Yeahia Salim

Price
150 Taka only

ISBN-978-984-8867-57-0

www.pathagar.com

উ।ৎ।স।র্গ

কবি মতিউর রহমান মল্লিক
প্রফেসর শাহ মুহাম্মদ হাবীবুর রহমান
অধ্যাপক সাইফুল্লাহ মানছুর
শিল্পী মশিউর রহমান
এবং
অগ্রজ-অনুজ বন্ধুস্বজনসহ সকল সংস্কৃতিপ্রেমী
যাদের প্রেরণায় সংস্কৃতির ভূবনে আমার পদচারণা

www.pathagar.com

লেখকের অন্যান্য প্রকাশনা

ছড়াগ্রন্থ

ধনচে ফুলের নাও
মামদো ভূতের ছাও
স্বপ্নফুলে আগুন
ছড়ামাইট (যৌথ)
পদ্মাপাড়ের ছড়া (যৌথ)

লিমেরিক

গুমর হলো ফাঁস

অনুকাব্য

তোমার চোখে হরিণমায়া

শিশুতোষ গল্প

জ্বীনের বাড়ি ভূতের হাড়ি

গবেষণা

রোহিঙ্গা সমস্যা : বাংলাদেশের দৃষ্টিভংগী

অডিও ক্যাসেট সম্পাদনা ও সঙ্গীত পরিচালনা

ডাক দিয়ে যাই
স্বপ্নীল করতোয়া
জেগে ওঠো
পাখির বাসা, কবি ফররুখ আহমদের ছড়া

সাহিত্যসম্পাদনা

মোহনা, শিল্প-সাহিত্য ও সংস্কৃতির ছোট কাগজ
সমন্বয় ১৯৯৪-৯৫
বিজয়ের ছড়া ১৯৯৫-৯৬
আল ইশরাক ১৯৮৯

www.pathagar.com

হামদ
আকাশের ঐ নীল উদাসী ০৯
কি শুধা ঢেলেছো ১০
ফিকে রঙ পৃথিবীর ১১
অনেক দিয়েছ তুমি ১২
ভোর বেলাতে পূব আকাশে ১৩
গাফুরু গাফফার খোদা ১৪
ও গো মালিক সাঁই ১৫
খোদা তব দ্বারে তুলেছি দুহাত ১৬
ঐ নীল আকাশ ১৭
সবুজ কচি আখের ক্ষেতে ১৮
মনটাকে তুমি প্রশ্ন করো ১৯
তুমি মালিক তুমি খালিক ২০
তুমিই রহীম খোদা ২১
মনটা আমার দাও ২২
কত যে সুশোভা প্রভূ ২৩
কেমনে শোকর খোদা ২৪
আমার মাথা দিলাম নূয়ে ২৫
আমার মন বাগানে ফুল ২৬
নীল আসমান সোনালী ২৭
ও আল্লাহ প্রভূ আমার ২৮
না'তে রাসূল
ফুলের মতো ফুল হতে চাই ২৯
শুকনো মরা ডালগুলোতে ৩০
বিশ্বজুড়ে মধুর সুরে ৩১
মায়ের আদর পায়নি ৩২
সাগরের সাথে যদি ৩৩
মানুষ তুমি বিশ্বনেতা ৩৪
চাঁদের চেয়ে সুন্দর তুমি ৩৫
মন মদীনা কান্দে ৩৬
আহলান সাহলান ৩৭
আগুনের ঝড় বয় ৩৮
দেশগান
মনে পড়ে সেই ৩৯
শাদা শাদা কাশবন ৪০
আকাশ নুয়েছে জমিন ৪১
বোশেখ মাসে ৪২
জেলে চাষী মুটে মাঝি ৪৩
গোলাপ রাঙা সাঁঝের ৪৪
পাখিদের উড়াউড়ি ৪৫
আকাশের ঐ সোনালী ৪৬
ও মোর সোনা চাঁন্দের ৪৭
শহর জুড়ে ধোঁয়ার নদী ৪৮
শ্যামল মাটির সবুজ ৪৯
ঝিরিঝিরি বইছে বাতাস ৫০
ভাষার কদর বুঝবি যদি ৫১
সোনালী হরফে লেখা ৫২
অ আ ক খ বর্ণমালা ৫৩
শহীদি গান
মুখ তোলো মা চোখ ৫৪
মালেক মামুন হাফিজ ৫৫
হাজার মুখের ভীড়ে ৫৬
দেখিনি কখনো ওগো ৫৭
সকালের সূর্যটা কেন ৫৮
মায়ের গান
কাঁদছো কেন দুখিনী মা ৫৯
ভয় করোনা মা শপথ ৬০
হৃদয় মনের পদ্ম পুকুর ৬১
আমি আকাশে উড়িলাম ৬২
লক্ষ চাঁদের হাসি দেখি ৬৩
মাহে রমযানের গান
আস্‌সাউমু লী ৬৪
হাত তুলেছি এই ৬৫
কি মজার ক্ষণ দিলে ৬৬
গোলাপ রাঙা কেবলা ৬৭
রহম ঝরা সিয়াম এসে ৬৮
জাগো জাগো জাগো ৬৯
ঈদের গান
ঈদ মানে মজা করা ৭০
জোসনা ঝরা চাঁদের ৭১
ঈদের খুশির ডাক ৭২
মেঘলা আকাশে ৭৩

www.pathagar.com

আজি খুশির ধারা ৭৪
জাগরণী গান
আকাশের বুক জুড়ে ৭৫
মানুষের ঘরে ঘরে ৭৬
আলসে এ মনটাকে ৭৭
ওরে ও স্বপ্নচারী মাঝি ৭৮
প্রেম দরিয়া নাম দিয়া ৭৯
জেগে থেকে লাভ কি ৮০
রাতের পরে রাত চলে ৮১
পাড়ি দিতে হবে আজ ৮২
গুন টেনে টেনে লক্ষে ৮৩
সবুজের মাঝে ঐ টগবগে ৮৪
এখনই আসল সময় ৮৫
খালিদের অনুসারি ৮৬
সময় বদলে যায় ৮৭
আবেদনমূলক গান
যত বড় বোঝা আমি ৮৮
আলেয়ার রঙে ভরা ৮৯
ওরে ও দুনিয়াবাসি ৯০
স্মৃতিচারণমূলক গান
দীনের বাধন যায় ৯১
গণসঙ্গীত
শাদা কালো উঁচু নিচু ৯২
মাদকবিরোধী গান
তুমি নেশার ঘোরে ৯৩
জীবনমুখী গান
গোলক ধাঁধায় ৯৪
দুধরঙ শাদা হয় ৯৫
কি করে বন্ধু তুমি ৯৬
চারিদিকে বৈরি ৯৭
এক ফালি চাঁদ ৯৮
আমার মনের নায়ে ৯৯
মনটা আমার ১০০
বাতাস দেখে ১০১
কি করে আমায় ১০২
হতাশ হয়োনা ১০৩
রাতের আঁধার ১০৪
দিন থেকে রাত ১০৫
টিক টিক করে ১০৬
দখিনা হাওয়ায় ১০৭
জীবন নদীর নাইয়া ১০৮
জীবন চাকা ১০৯
রাতের কালো ১১০
ও মনরে তুই ১১১
জীবন ঘুড়ি ১১২
জীবনটা যেন ১১৩
জীবন জুড়ে ১১৪
ডাল যদি ভেঙে যায় ১১৫
বিশ্বাসে ভরে দেবো ১১৬
মনের মাঝে ভালবাসার ১১৭
বৈশাখী গান
এই জীবনে ১১৮
ছড়াগান
পড়া এবং পড়া ১১৯
ফুলের সুবাস ১২০
পাতার ভেতর ১২১
ঝড় উঠেছে ঝড় ১২২
পড়ার সময় পড়া ১২৩
আঞ্চলিক গান
এ বিলু উংক্যা উটি ১২৪
হাল জুরব্যার সময় ১২৫
এ বিলু চ মাচ মারব্যার ১২৬
মুই বসে থাকিম ১২৭
সার চাউল আর ১২৮

www.pathagar.com

হামদ

আকাশের ঐ নীল উদাসী হাওয়া
মাতাল করেছে এই মন
তোমার ছোঁয়ায় শাপলা কুঁড়ি
রঙিন করেছে এ জীবন

রূপালী নদীর ঘাট পেরিয়ে
সোনালী ধানের মাঠ পেরিয়ে
শিল্পীত সবুজের গাঁ
মমতা জড়ানো মা
সুবাসিত মনকাড়া না দেখা বাতাস
যায়না ভোলা সেই ক্ষণ

সৃষ্টির কারুকাজ শিল্পের রূপ
অবাক মনটা আমার বিস্ময়ে চুপ

সুন্দর সৃষ্টির শিল্পী কেমন
দেখতে উতলা আজ আমার এই মন
হাশরের সেই ক্ষণে
দেখা দেয়া প্রিয় জনে
জানিনা গো প্রভু আমি পাব কিনা ঠাঁই
ব্যাকুল অবুঝ তাই মন।

৩১ ০৮ ০৫

সুরঃ জাহাঙ্গীর আলম
এ্যালবামঃ সবুজ মতিহার (ভিসিডি)
বিকল্প সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

হামদ

কি শুধা ঢেলেছো ওগো দয়াময়
যখন দাঁড়াই জায়নামাজে
শান্তি আসে হৃদয় মাঝে
তোমার রহম ঝরে যেন
জান্নাতেরই খুশবু বয়

দুনিয়াদারী মনটা আমার যায় ছুটে যায় মাঠে
ক্লান্ত থাকে কাজের চাপে ব্যস্ত নামের হাটে
দাঁড়াই যখন তোমার তরে
সিজদা গেলে মনটা ভরে
খুশির ধারা যায় বয়ে যায়
মনটা ভীষণ শান্ত হয়

দাও গো খোদা মনের কোণে
সত্য স্বপন মেখে
কাজের সাহস দাও পরিবেশ
বিজয় ছবি এঁকে

হৃদয় আমার পায় না খুঁজে দাওগো দেখা তুমি
তোমায় ছাড়া এ মন আমার শুস্ক মরুভূমি
মসজিদেরই জায়নামাজে
চাই গো তোমায় সকল কাজে
তোমায় পেলেই সবই পাওয়া
থাকবে নাকো কোন ভয়।

২৬ ০৫ ১২

www.pathagar.com

হামদ

ফিকে রঙ পৃথিবীর সবুজ তাড়ায়
জীবনের শেষ নদী দুহাত বাড়ায়
সোনা মাখা দিন শেষে
নিকষ কালিমা এসে
পিছু ডাকা ভুলগুলো বিবেক নাড়ায়

পুবের লালিমা এসে ডেকে ডেকে যায়
সিঁদুরে বিকেল কেন তড়িৎ পালায়
বাসন্তী ঝরে যায়
সতেজতা মরে যায়
কালো ঝড় পৃথিবীর বুকে বয়ে যায়

সোনালী শিশির কণা হিরে হয়ে যায়
জীবনের সব নদী ধীরে বয়ে যায়
তুমি শুধু অক্ষয়
তুমি প্রভু অব্যয়
আর সব যা কিছু ক্ষয়ে ক্ষয়ে যায়।

১২ ০২ ০৫

সুরঃ জাহাঙ্গীর আলম

www.pathagar.com

হামদ

অনেক দিয়েছো তুমি
একটি চাওয়া তবু মনের কোণায় তোলে সুর
তুমি যে আমার হবে আমি যে তোমার
কখনো যাইনা যেন দূর -বহুদূর

মায়াময় ধরাধামে এনেছো আমায়
ঢেকে দিয়ে রহমের চাদরে
বাবা মা ভাই বোন পড়শী স্বজন
ছুঁয়েছে আমায় শত আদরে
সব তো তোমার দান
এই দান অফুরান
তবু কেন মন জুড়ে বেদনার সুর

হৃদয়ের স্বচ্ছতা বহুগুণে দাও খোদা বাড়িয়ে
যাই না যেন ওগো তোমার রহম থেকে হারিয়ে

দুনিয়ার মায়াজাল বড়ই কঠিন
স্বপ্নের হাতছানি দিয়ে যায়
আলেয়ার ঝলমলে আলোর দিকে
মনটাকে সর্বদা নিয়ে যায়
নিজেকে তোমাতে চাই
তুমি ছাড়া কেউ নাই
বুক জুড়ে দাও খোদা জান্নাতী নূর ।

১২ ৫ ১২

www.pathagar.com

হামদ

ভোর বেলাতে পূব আকাশে নীলের সাগরে
রঙের তুলি শিল্পী হাতে আঁচড় দিলো কে
তোমার আমার স্রষ্টা যিনি বিশ্ব মালিকে

ঘাসের ডগায় মুক্তো শিশির ঝিলিক দিয়ে ওঠে
জোসনা ভরা তারা ফুলের মিষ্টি হাসি ঠোঁটে
সবুজ চাদর ফুলের মিছিল কে দিয়েছে কে
তোমার আমার স্রষ্টা যিনি বিশ্ব মালিকে

বিলে ঝিলে শান্ত জলে শাপলা কুঁড়ি ফোটে
নদীর পানি ঝর্ণাধারা কার ইশারায় ছোটে
সাগর তলে সোনা রূপা মুক্তা দিলো কে
তোমার আমার স্রষ্টা যিনি বিশ্ব মালিকে

বাক বাককুম পায়রাগুলো কী নাম ধরে ডাকে
কার ইশারায় নিকষ আঁধার পৃথিবীকে ঢাকে
রাতটা ঠেলে প্রদীপ জ্বেলে রাঙিয়ে দিলো কে
তোমার আমার স্রষ্টা যিনি বিশ্ব মালিকে।

২২ ১০ ৯৫

www.pathagar.com

হামদ

গাফুরু গাফফার খোদা
রাহীমু কাহহার
মালিকু খালিকু তুমি
কারিমু সাত্তার

তীর ভাঙা ঢেউ আসে ঘর ভাঙা ঝড়
বিপদের শেষ বেলা সকলেই পর
ক্ষমা চাই চাই ও গো
করুণা তোমার

তুলির আঁচড়ে দিলে
সবুজের মেলা
নদী পাখি ফুল ফল
দুদিনের খেলা

ইবলিশ ধেয়ে আসে তন্দ্রার ফাঁকে
সুখ নামে মরীচিকা বার বার ডাকে
ঠাঁই দিও তুলে নিও
বুকেতে তোমার।

১৩ ০৯ ০৪

সুরঃ মাসুদ রানা

www.pathagar.com

হামদ

ও গো মালিক সাঁই
এই ভূবনে সবই ফাঁকি
তোমার দেখা চাই

সোনার পাখি ধরতে গিয়ে
ব্যস্ত ছিলাম স্বপ্ন নিয়ে
রঙিন ঘুড়ি উড়ছে শুধু
সামনে মরু দেখছি ধুধু
তবু ছুটে যাই

উড়ছে বিমান ঘুড়ছে কলের চাকা
তবু কেন জীবন আমার ফাঁকা

ময়না যে দিন উড়াল দেবে
কে আর আমার বন্ধু হবে
সেই দরদী হয়নি চেনা
গাড়ির টিকিট হয়নি কেনা
পথের কড়ি নাই ।

২৫ ০৪ ০৬

www.pathagar.com

হামদ

খোদা তব দ্বারে তুলেছি দুহাত
কবুল কর প্রভু এই মুনাজাত

সদা সত্য কথা বলি যেন মুখে
ব্যথাতুর হই যেন দুখীদের দুখে
দীনের আমেজে যেন ভোর হয় রাত

লেখা পড়ায় যেন থাকি সচেতন
পুতঃপবিত্র হয় যেন মন

বাপ মা গুরুজনে যেন সেবা করি
রাসূলের পথে যেন জীবন গড়ি
কুরানের রাজ ধরায় আনবো আবার
সব দুশমনদের করে কুপোকাত ।

১৭ ০২ ৯৪

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ ডাক দিয়ে যাই
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

হামদ

ঐ নীল আকাশ
এই যে বাতাস
তোমার নামে প্রভু
গান গেয়ে যায় তার মনের ভাষায়

ঐ যে দূরে মেঘের ভেলা
চাঁদের পাশে কত তারার মেলা
তোমার নামে তাসবীহ্ পড়ে
যায় চলে যায় কোন ঠিকানায়

দোয়েল কোয়েল আর বুলবুলিরা
তোমার নামের সুরে মাতোয়ারা

এই পৃথিবীর শেষ ঠিকানা
জানি কারো নয় অজানা
পাহাড় নদী ঝর্না তবু
মিষ্টি সুরে বেঁধেছে আমায়।

২৮ ০৮ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

হামদ

সবুজ কচি আখের ক্ষেতে
বান ডেকেছে বান
দমকা হাওয়া ঢেউয়ের তালে
জুড়ায় আঁখি প্রাণ
নদীর জোয়ার ডাঙ্গায় এসে
গায় তোমারই গান

উদার আকাশ মেঘ কাজলে সেজে
প্রেম জমালো মাটির সাথে বীন বেহালা বেজে
রক্তচুড়া লাল শাড়িতে
উচ্ছ্বাসিত প্রাণ
ও প্রভু সব তোমারই দান

আম বাগানের বোশেখ ডালে
মিষ্টি কাঁচা সুর
মুখ সাগরে ঢেউয়ের মাতম
জোয়ারে ভরপুর

ফুল বাগানে তারার হাসি
মুয়াজ্জিনের আযান ধ্বনি মনকাড়া বাঁশি
সোনা রঙের ধানের শীষে
হৃদয় কাড়া তান
ও প্রভু সব তোমারই দান।

০৪ ০৭ ০৩

সুরঃ জাহাঙ্গীর আলম
এ্যালবামঃ স্বপ্নকে খুলে দাও
নিমন্ত্রণ সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

হামদ

মনটাকে তুমি প্রশ্ন করো
কোথা থেকে এলে ভবে
কোথায় আবার যেতে হবে
কে বানালো ধরা নবতরো

চাঁদ সুরুজ গ্রহ তারা
ছুটে চলে কার ইশারায়
কার ছোঁয়ায় আলোকিত
কোথা থেকে এতো জ্যোতি পেলো

কোথায় গোলাপ পেলো গোধুলির লাল
কিভাবে রাত্রি ঠেলে আসে সকাল

সাগরের তলদেশে
কোথা হতে ঝিনুক আসে
সোনা রুপা হিরে মানিক
মাটি তলে কোথা থেকে এলো।

২৯ ০৯ ৯৭

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ জেগে ওঠো
অভিযান শিল্পী গোষ্ঠী, বগুড়া

www.pathagar.com

হামদ

তুমি মালিক তুমি খালিক
তুমি রহমান
তোমার দয়ায় ফুল পাখি গায়
নদী বহমান

তোমার নজর সকলখানে
তোমার ছোঁয়া সকল প্রাণে
ভুলবে তোমায় কে আছে আর
সবই তোমার দান

আকাশ মাটি পাহাড় নদী
ডাকে তোমায় নিরবধি
সাধ্য তো নাই বাইরে যাবার
একই সুরে তান

আন্ধা আমি এই গুনাহগার
চাই গো দয়া করো গো পার
তুমি ছাড়া কে আর আমার
বাঁচাবে এই প্রাণ।

০৫ ১০ ০৫

www.pathagar.com

হামদ

তুমিই রহীম খোদা তুমি রহমান
তোমার দয়ার নদী সদা বহমান
পাখিরা উড়ে যায় নীল গগনে
দোল দিয়ে যায় তাই সবার প্রাণে

তোমার রঙের ছাপ দেখি সবখানে
হৃদয়ের জলরং ভোমরার গানে
দুধরঙ শাদা মেঘ আকাশের গায়
জোছনারা খেলা করে মন আঙ্গিনায়
খুঁজে ফিরি সব খানে জীবনের মানে

শৈল্পিক কারুকাজ ফসলের মাঠে
মাঝির কণ্ঠে মধু পদ্মার ঘাটে
তোমার মননে সব মিল খুঁজে পাই
জীবনের গান তাই গেয়ে চলে যাই
আমিও পাগল সেই মিলনের টানে

২০ ০৯ ০৯

সুরঃ জাহাঙ্গীর আলম

www.pathagar.com

হামদ

মনটা আমার দাও ঝালিয়ে প্রভু
জীবন চলার ঘূর্ণিপথে
তোমার মতে নবীর পথে
থাকি যেন সকল সময়
ভুল করি না কভু

বাধার পাহাড় যতই আসুক বড়
আবুবকরের মনটা বুকে দিও
অনেক পাবার লোভটা আসে যদি
উমার উসমান সঙ্গী করে দিও
আলীর মতো বুদ্ধি দিও
পথ দেখাতে তবু

সময় এখন দুঃসময়ে ঘেরা
তোমার পথে চলা কঠিন
তার'চে বড় কঠিন প্রভু
তোমার পথে ফেরা

বদর উহুদ তাবুক আসে যদি
বুকের মাঝে হামজা খালিদ দিও
এই দুনিয়ার মোহমায়া ভুলে
জান্নাতেরই খুশবু মনে দিও
অটল রেখো তোমার পথে
সব হারালেও তবু।

০৮ ০৬ ১১

www.pathagar.com

হামদ

কত যে সুশোভা প্রভূ দিয়েছ তুমি
পাহাড় সাগর নদী সমভূমি

আকাশের কোল ছুঁয়ে পাহাড়ের ঘুম
মেঘের পরশে যেন কপোলের চুম
ঝর্ণার গানে গানে তোমার শোকর
অবুঝ কেবল এই অধম আমি

শান্ত সুবোধ এই ইনানীর জল
সাগরের বুকে বয় খুশি টলমল
ঢেউগুলো গেয়ে যায় তোমারই গান
সকাল সন্ধা সারা দিবসযামী

মাঠ জুড়ে হাসি মাখা সবুজের ঢেউ
এমন সুশোভা দিতে পারবে কি কেউ
সিজদায় নত হয় কপাল আমার
কবুল করো ওগো অন্তর্যামী ।

২১ ০৩ ১০

www.pathagar.com

হামদ

কেমনে শোকর খোদা করি যে তোমার
ভাষা খুঁজে পাই না আমি
কত সুষমায় তুমি বানালে আমায়
ভাবি শুধু দিবা যামি

এই দুটি চোখ দিয়েছো আমায় প্রভূ
বানালে কতই যতনে
পর্দা দিলে তার বাঁচাতে চোখের তারা
ভুরু দিলে কতো রূপ ভালবাসাতে
মুখ কান নাক দিলে কতো না যতন করে
ভেবে ভেবে কোন ভাষা পাই না যে আমি

মগজের তারগুলো কতটা সুক্ষ্ম বলো
কল্পনা করা নাহি যায়
চামড়ার লোমকোষে কত যে করুণা শোষে
বলো না কিভাবে ওগো গড়লে আমায়

কল্পনা শক্তিটা কোথা থেকে আসে বলো
কেমনে যে বুঝি সব স্বাদ
হাত পা আঙ্গুলে কতো মজার নখ দিলে
কোনটা যে বলি খোদা সব তবু পড়ে যায় বাদ
তবুও পারি না খোদা চলতে তোমার পথে
ক্ষমা করে দিও ওগো অন্তর্যামি ।

০৪ ০৮ ১২

www.pathagar.com

হামদ

আমার মাথা দিলাম নূয়ে
তোমার মহান পায়ে
রহম করো ওগো দয়াল
উঠাও তোমার নায়ে

সারা জীবন পাপ করেছি
পথ চলেছি ভুলে
পাপের কথা হৃদয় কোণে
উঠছে দুলে দুলে
আমি তোমার দয়ার কাঙাল
পাপের বোঝা দাও সরে দাও
শান্তি সুখের বায়ে

মনটা জুড়ে ঝড়ো হাওয়া
উথাল পাথাল ঢেউ
তুমিই পারো শান্তি দিতে
আর পারেনা কেউ

মন ভোমরা উড়তো আমার
রঙিলা ফুল বনে
দিন ফুরালো সন্ধ্যা এলো
ভয়ের নিশান মনে
পূর্ণ করো মনের আশা
জান্নাতেরই খুশবু দিও
রাইখো আরশ ছায়ে ।

১৯ ০৬ ১২

www.pathagar.com

হামদ

আমার মন বাগানে ফুল ফুটেছে
গোলাপ বেলি চন্দনা
মনের সুখে গাইবো আমি
আল্লাহ্ তোমার বন্দনা

নদীর মতো জীবন আমার
চলছে বয়ে ভাটির টানে
চাই ভাসাতে মনের তরী
তোমার দয়া সুখের গানে
ফুলের বনে মৌমাছিদের
সুরের খেলা মন্দ না

মনপাখিটা ভীষণ অভিমানি
সুখের দোলায় কমতি হলেই
চোক্ষে আনে পানি

সুখের হাওয়ায় পাল তুলেছি
হালটা দিয়ে তোমার হাতে
ঝড়ের মাতম উঠলে দয়াল
রহম দিও থাইকো সাথে
তোমার প্রেমের কাঙাল আমি
মনের দুয়ার বন্ধ না।

০১ ০৬ ১২

www.pathagar.com

হামদ

নীল আসমান সোনালী সুরুজ নদীর সুরেলা গান
পাখিদের সুর
আহা কী মধুর
তোমার করুণা শান্তি আবেশ আল্লাহু সুবহান
ঘরে ঘরে দাও সেই সুষমা শান্তি সুখের দিন

বস্তির কোণে যে সব মানুষ ফ্যাকাশে আকাশ দ্যাখে
স্বপ্নগুলোকে গোছাতে পারে না ব্যর্থ কবিতা ল্যাখে
ইশটিশনে যে অসহায় বহে জীবনের ঋণ
তাদের ভাগ্যে এনে দাও খোদা সোনালী ঈদের দিন

কিষাণ কিষাণি মাটি খুঁড়ে খুঁড়ে বের করে আনে সোনা
কবে শেষ হবে তাদের জীবনে হতাশার দিন গোনা
পঙ্গু জীবন সইতে পারে না ভিক্ষার থলে হাতে
সোনালী ঈদের পরশ মিলাও সেই দুখীদের সাথে

শিতল গাড়িতে শিতল বাড়িতে যারা করে বসবাস
ভালবাসা মেখে সে সব হৃদয় এনে দাও চারিপাশ
শান্তি সুখের সমাজ এবং আনতে সুখের দিন
এক করে দাও মনটা সবার রাব্বুল আলামিন।

০১ ০৮ ১২

www.pathagar.com

হামদ

ও আল্লাহ.....প্রভূ আমার
মাফ করে দাও এই পাপীরে
মহান রোজার মাসে
যে মাস জুড়ে দিনে রাতে
ক্ষমার সুযোগ আসে

পাপ সাগরে সাতার দিয়ে জীবন গেল কেটে
অনুতাপের অশ্রু আমার ঝরছে দুচোখ ফেটে
তুমি গফুর ক্ষমার আধার
মাফ করে দাও পাপের পাহাড়
হাত তুলেছে দাসে

ক্ষমার আশায় হাত পেতেছি প্রভূ
আমি অধম মহান তুমি
ফিরাও না কভু

রোজা নামাজ যা করেছি কইরো গোরের বাতি
পরপারের নিদান কালে তুমি থেকো সাথী
রাইয়্যানেরই ভাগ্য দিও
আদর দিয়ে কাছে নিও
রাইখো তোমার পাশে।

২০ ০৬ ১২

www.pathagar.com

না'তে রাসূল

ফুলের মতো ফুল হতে চাই
ফুলের মতো ফুল
যে ফুল পেলো নবীর পরশ
গন্ধ যার অতুল

ফুটলো যে ফুল মরুর বুকে
মক্কা মদীনাতে
মুক্তি সুবাস ছড়িয়ে দিলো
কাবার পথে পথে
বিশ্ব মানুষ মাতোয়ারা
নেই যে তাহার তুল

আকাশ জুড়ে তারার মেলা
পাখির কণ্ঠে সুরের খেলা
বৃক্ষ তরু সালাম জানায়
বিশ্ব জুড়ে খুশির মেলা

সকল শিশুর বন্ধু তিনি
গরীব দুখির সাথী
দু'জাহানের নেতা তিনি
আঁধার ধরায় বাতি
চিনতে তারে বনের পশুও
করেনি তো ভুল।

০৮ ০৫ ০৩

সুরঃ মাসুদ রানা
এ্যালবামঃ বন্ধু (টেলিফিল্ম)

www.pathagar.com

নাতে রাসূল

শুকনো মরা ডালগুলোতে
সবুজ পাতার ঢেউ
মেঘের দেশে সরব ধ্বনি
আসলো ধরায় কেউ

পাতার ফাঁকে ফুলের হাসি
ছন্দ মাখা গান
ভোমরা নাচে পাখনা মেলে
খুশির অভিধান
বন বনানী সবুজ ঘাসে
সুবাস ছড়ায় মৌ

রাসূল নামের খুশবু ধ্বনি
সজিব করে বন
তাঁর নামেতে দুরুদ পড়ে
ভরাই হৃদয় মন
আল্লাহ্ তায়ালার হাবীব তিনি
প্রেম সাগরের ঢেউ ।

২২ ০৪ ০৫

www.pathagar.com

না'তে রাসূল

বিশ্বজুড়ে মধুর সুরে প্রিয় নবীর নাম
যারে গেয়ে মন ভোমরা, গা রে অবিরাম

জীবন রাহে চলতে গিয়ে
এই নামেরই মধু পিয়ে
খুশি মনে ফেলরে ও মন
বুকের যত ঘাম

আলেয়ার পিছে হতাশ যারা
ঈমান আমল সর্বহারা
নয়ন যুগল আয়রে মেলে
পুরবে মনোস্কাম

আয় হতাশায় আগুন জ্বালি
শুকনো শাখায় ফাগুন ঢালি
তাঁর পরশে পাবিরে তুই
এই জীবনের দাম।

১২ ০৮ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ ডাক দিয়ে যাই
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

না'তে রাসূল

মায়ের আদর পায়নি যে জন
পায়নি পিতার দেখা
সেই সে তুমি প্রিয় নবী
মধুর ভাগ্য লেখা

ফুল বাগানের সেরা সে ফুল
ফুটলে মরুর বুকে
মুক্তি সুবাস ছড়িয়ে দিলে
সুরের বাণী মুখে
প্রিয় নবী রবির রবি
দিও একবার দেখা

হেরার ধ্যানে যে নূর পেলে
বিশ্বজুড়ে ছড়িয়ে দিলে

মুসলমানের বাস্তুভিটায়
বুলেট বোমা ফোটে
অনাথ এতিম মজলুমানের
কান্না শুধু জোটে
রাসূল তুমি রাস্তা দেখাও
চাই সে নূরের দেখা।

২১ ০৯ ০৪

www.pathagar.com

না'তে রাসূল

সাগরের সাথে যদি খুঁজি উপমা
তোমার হৃদয় মোর চোখেতে ভাসে
মনের খাতায় যদি লিখি কোন নাম
আহমদ প্রিয় সে বার বার আসে

পাখিদের গানে আর গাছের পাতায়
মোহনীয় ছবি রঙতুলির খাতায়
কাছাকাছি বহুদূরে
সব ছবি সব সুরে
তোমারই সে প্রিয় নাম সুরে সুরে ভাসে

পাপমাখা মনটাকে তোমাতে যে রাখতে চাই
দূরে ঠেলে দিও নাকো দয়া করে দাও ওগো ঠাঁই

অসহায় কাঁদে সব পৃথিবীর কোণে
কেউ নেই দরদি সব কথা শোনে
জুলুমাত করে তাড়া
কেউ নেই তুমি ছাড়া
তুমি সেই দরদি দাঁড়াতে পাশে।

১৯ ০৯ ০৪

সুরঃ মশিউর রহমান

www.pathagar.com

না'তে রাসূল

মানুষ তুমি বিশ্বনেতা
শ্রেষ্ঠ নবী রাসূলুল্লাহ
সকল সৃষ্টির সেরা তুমি
বাদশাহ তুমি হাবীবুল্লাহ

তুমি যখন আসলে ধরায়
কেঁপেছিল ইরান শাহীর শীষমহল
আসমানের ঐ গ্রহ তারা
আকাশ জমিন মাত করেছে করে কোলাহল
বিজ্‌লী নূরে চমকে ওঠে
কাবা শরীফ বায়তুল্লাহ

মা আমিনা ধন্য হলো
ধন্য হলো সকল সৃষ্টি বিশ্বময়
জাহেলিয়াত টুটে গেল
দুঃখের সময় কেটে এলো সুখ সময়
সেই সে সময় আনতে আবার
শক্তি সুযোগ দাও আল্লাহ।

২১ ০৯ ০৪

www.pathagar.com

না'তে রাসূল

চাঁদের চেয়ে সুন্দর তুমি
আকাশ তোমার বুক
বন্ধুর চেয়ে বন্ধু তুমি
তোমার পরশেই সুখ

আঁধার ধরায় আনলে আলো
কুরআন নামের নূর
কণ্ঠে তোমার মধুর কোরাস
মুক্তি গানের সুর
সেই সে সুরে মাতলো ধরা
কাটলো আঁধার দুখ

সবুজ বনের মুক্ত পাখি
তুলছে মাতম তোমায় ডাকি
তোমার সুরে বাতাস নাচে
ফুল কাননে মাতামাতি

তোমার পায়ের পরশ পেতে
ব্যাকুল আজও মরুর বালি
যুদ্ধ খেলা নেশার যুগেও
প্রেম ছড়ালে ফুলের ডালি
সেই সে সুখের ফুলেল সুবাস
চাই সে সোনার যুগ।

২৮ ০৯ ০৪

www.pathagar.com

না'তে রাসূল

মন মদীনা কান্দে আমার হৃদয় দুয়ার খুলে
ওগো আমার পরান প্রিয়
স্বপ্নে হলেও দেখা দিও
তোমায় পেলে মনের কাবা ভরবে রঙিন ফুলে

তুমি হাবীব সবার আপন রাহ্‌মাতাল্লিল আল আমিন
নবীর নবী সবার সেরা সাইয়্যেদুল মুরসালিন
তুমি প্রিয় কামলিওয়ালা
দুঃখি জনে সুখের মালা
আমরা পাপি উম্মত তোমার তরীতে নাও তুলে

হাসনা হেনা গোলাপ বেলী
শিমুল পলাশ জুঁই চামেলী
ফুলের সেরা ফুল যে তুমি
তুমি বিনে মনের বাগান হয় যে মরুভূমি

ভুলের পথে পা রেখেছি অথৈ পাপের নদী
তবু থাকি ক্ষমার আশায় তোমায় পাইগো যদি
মওলা যখন হিসেব নিবে
তোমার হাতে কাউসার দিবে
দয়ার চোখে দেখো তুমি যেওনা কো ভুলে ।

০৮ ১২ ০৬

সুরঃ জাহাঙ্গীর আলম

www.pathagar.com

না'তে রাসূল

আহ্‌লান সাহ্‌লান মারহাবা
আস সালাম ইয়া কামলিওয়ালা

মরু বনের গোলাপ তুমি
তুমি দয়ার নবী
দুখীর সাথী সুখির সাথী
ভালবাসার ছবি
প্রেম দরিয়ার ফলগু তুমি
মিটাও সকল জ্বালা

সকল কালের আবু জাহেল
ভীত তোমার নামে
মজলুমানের প্রিয় তুমি
নিখিল ধরাধামে
মুক্তি পাগল সবার গলে
তুমি হিরের মালা

হাস্‌সান হাফিজ ইকবাল রুমী
নজরুল ফররুখ
তোমায় নিয়ে কাব্য লিখে
মিটিয়েছে দুখ
শিল্পী কবির ধ্যান যে তুমি
তুমি সুখের মালা ।

১২ ১২ ০৬

www.pathagar.com

না'তে রাসূল

আগুনের ঝড় বয় রোদেলা দুপুর
ভুট্টার খই ফোটে তপ্ত বালিতে
বাদ্যের তালে তালে ঘুঙুর নূপুর
ধুসর বর্ণ যেন কৃষ্ণ কালিতে

রঙিন উকাজ আর নওরোজ মেলা
মানুষের হাটে দেখি পশুদের খেলা
যুদ্ধ মদ্য নারী
শক্তির বাড়াবাড়ি
অপরাধ ছেয়ে আছে অলিতে গলিতে

কান্নার ঢেউ ওঠে পাহাড়ের গায়
সমাজের ভিত নড়ে হালকা হাওয়ায়
নিকষ আঁধার থেকে করুণ এক বীণ
চারিদিকে তমসা রাত কিবা দিন

পাহাড়ের কোল ঘেষে উঠে আসে নূর
মানুষের মুখে মুখে তাওহীদি সুর
মুছে গেল হানাহানি
ভালবাসা জানাজানি
তমসা পালিয়ে গেল ধুসর বালিতে।

১৯ ০৪ ০৭

www.pathagar.com

দেশগান

মনে পড়ে সেই সে মধুর ক্ষণ
হৃদয় পুড়ে পরান জুড়ে
মিষ্টি মধুর বাঁশির সুরে
নেচে ওঠে বাউলা তালে মন

গাঁয়ের বাঁকে তেলেনবিলের হাসি
বকের সারি রাখাল ছেলের বাঁশি
সেই মধু গাঁ চোখের কোণায় ভাসে
বুকের মাঝে মনের মাঝে সুখের ছবি হাসে
যায় ছুটে যায় আকুল করা মন

নদীর ধারে বাঁশের বাগান
বট পাকুরের ছায়া
মায়ের মতো আদর মাখা
ভালবাসার মায়া

আর দেখিনা সেই সে গাঁয়ের পাখি
আর শুনিনা রাখাল বাঁশি সুরের মাখামাখি
ইট পাথরের শহর জুড়ে ধোঁয়া
নেই কো মায়ের আদর মাখা ছোঁয়া
স্বপ্ন ঝড়ে কাঁপছে এখন মনের সবুজ বন।

২৭ ০৫ ০৬

www.pathagar.com

দেশগান

শাদা শাদা কাশবন বাঁশবনে ঝিরিঝিরি হাওয়া
শিউলির সৌরভে
সুর তাল ভৈরবে
মন জুড়ে দোলনা গান খুঁজে পাওয়া

বিলে ঝিলে শাদা বক মাছদের ঘুম
জোসনারা খেলা করে রাত্রি নিঝুম
শেয়ালের ডাক যেন কোরাস গাওয়া

মিঠে মিঠে রসগুড় রোদেলা দুপুর
বিকেলের বাঁশবনে পাখির নূপুর
হলুদ সরষে বনে মধুর নাওয়া

দুই চোখ দেখে যায় সবুজের মাঠ
পাল তোলা বজরা গোসলের ঘাট
মায়ের আঁচল জুড়ে স্বদেশ ছাওয়া।

৩০ ১০ ০৯

www.pathagar.com

দেশগান

আকাশ নুয়েছে জমিন ছুঁয়েছে
মিতালী আকাশ বন
মেঘের পাখিরা পাল তোলা নাও
উদাসী করেছে মন

বটের ছায়া বাড়ায় মায়া
কালাপানি নদীর বাঁক
পাখিদের রানী কালা কইতর
নয়া কোকিলার ডাক
মায়ের বকুনী আঁচলের ছায়া
হায়রে মজার ক্ষণ

ভুলিতে পারিনা বাপের শাসন
ভাইয়ের আদুরে মায়া
মন জোছনায় ফিরে ফিরে আসে
পিছু জীবনের ছায়া

ফসলের মাঠে সবুজের ঢেউ
বোনের মায়াবী মুখ
বাঁকা মেঠো পথ কেঁদে কেঁদে ডাকে
বাড়ায় স্মৃতির দুখ
গাঁয়ের ওপাশে বন্ধুয়া থাকে
কতনা আপন জন।

২২ ০২ ০৭

www.pathagar.com

দেশগান

বোশেখ মাসে মনের মাঝে
বৃষ্টি তুফান ডাকে
নয়া পানি যায় গড়িয়া
শুকনা নালা যায় ভরিয়া
পরান ছুঁটে নদীর ধারে
উজান মাছের ঝাঁকে

কাউন বনে পাটের ক্ষেতে
তৌড়া পেলি দাড়কি পেতে
মাছের নেশায় ব্যস্ত ভীষণ
কালাপানির বাঁকে
উজান মাছের ঝাঁকে

শ্যামলা গাঁয়ের আইল্যা ঘাটা
সবুজ ধানের মাঝে
বকের সারি আকাশ দোলায়
মেঘলা বিকেল সাঁঝে

আমের শাখে লিচুর ডালে
মন নেচে যায় বাউলা তালে
বাঁশ বাগানে রশিক কোকিল
গানের সুরে ডাকে
উজান মাছের ঝাঁকে ।

২৫ ০৪ ০৬

www.pathagar.com

দেশগান

জেলে চাষী মুটে মাঝি
কইরে তোরা কইরে
ফারাক্কা বাঁধ ভাঙতে হবে
একসাথে দে হৈ রে

বাঁধ ভাঙবো আনবো পানি
দেশ বানাবো স্বর্গ রানী
চাষী ভাইরা বের করে নে
লাঙল আর মই রে
ফারাক্কা বাঁধ ভাঙতে হবে
একসাথে দে হৈ রে

মাছে ভাতে বাঙালী
আজকে কেন কাঙালী
কারা আসল সর্বনাশা
সত্য কথা কই রে
ফারাক্কা বাঁধ ভাঙতে হবে
একসাথে দে হৈ রে।

১৮ ০৪ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

দেশগান

গোলাপ রাঙা সাঁঝের আকাশ
পাখির ডানায় ভোর
চোখ ঝাঁজালো বোশেখ দুপুর
খুলুক রাতের দোর

মিষ্টি দাদুর গল্প শুনি
নিত্য সবুজ স্বপ্ন বুনি
চিলের পাখায় আকাশ ফুঁড়ে
চাই যেতে চাই অচিনপুরে
রাতের আঁধার নিকশ কালো
বাড়ায় ঘুমের ঘোর

গাছ গাছালী লতায় পাতায়
কিংবা আমার ছবির খাতায়
প্রজাপতি শালিক ডানায়
আমার মায়ের দেশটি মানায়
এদেশ আমার স্বপ্ন ভূমি
চাইযে আলোর ভোর।

১১ ০৬ ০৫

সুরঃ জাহাঙ্গীর আলম
ভিসিডিঃ সবুজ মতিহার
বিকল্প সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

দেশগান

পাখিদের উড়াউড়ি
ফুল ফোটা গন্ধ
পেতে চাই আজীবন
মননের ছন্দ

গোলাপেরা জুঁই বনে করে হাসাহাসি
ভোমরের গুন্‌জনে ভালোবাসাবাসি
মেঘ ওড়ে সারি সারি
নেই কোন বাড়াবাড়ি
হোক ভাল মন্দ

বাংলার মাঠে মাঠে সবুজের মেলা
দমকা হাওয়ার নদী ঢেউয়ের খেলা
হৃদয় গালিচা ঘাসে
বার বার ফিরে আসে
ভুলে সব দ্বন্দ্ব ।

১৪ ০২ ০৫

সুরঃ জাহাঙ্গীর আলম
ভিসিডিঃ মননের ছন্দ
বিকল্প সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

দেশগান

আকাশের ঐ সোনালী রোদ
যেন সোনার মেলা
মেঘের সাথে করে শুধু
লুকোচুরি খেলা

ডালিম গাছে ডাকে ঐ পিউপিউ পাপিয়া
ঝোপঝাড়ে ওড়ে কোকিল কুহুকুহু ডাকিয়া
ঘরের চালে দোয়েল ডাকে
লেবু গাছে ফিঙ্গে নাচে
হৃদয়ে দেয় দোলা

ডানা মেলে উড়ে যায় বকের সারি ঐ
দেখরে এসে দামাল ছেলে কইরে তোরা কই

শাপলা শালুক ফুটে আছে বিল ঝিলের মাঝে
মুয়াজ্জিনের আযান শুনি সকাল দুপুর সাঁঝে
ঝর্নাধারা ছুটে চলে
বাংলাদেশের কথা বলে
করে না কো হেলা।

১০ ০৯ ৯৩

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ ডাক দিয়ে যাই
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

দেশগান

ও মোর সোনা চাঁন্দের গাঁও
বুকের মধ্যে ছটফটানী
চোখ ভরিয়্যা আসে পানি
তোর কথা যে মনে হলে
শান্তি মুই না পাঁও

নদীদ ধারত বাঁশের খোপ
শাদা কাশ্যার বন
বক শেয়ালের ডাকাডাকি
ও ক ক্যামনে থাকে মন
ছলাত ছলাত ভাইসা চলে
ডিঙ্গি বজরা নাও
ও মুই ক্যামনে শান্তি পাঁও

ধুম্যা ধুল্যা ইটের শহর
ব্যস্ত কাটাম দিন
মায়ের মুখটা মনে হলে
ও মোর বুক করে চিনচিন
ওরে থাকলে পাখা যাতুন উড়্যা
কোনঠে পাখা পাঁও
ও মোর সোনা চাঁন্দের গাঁও ।

০১ ০৭ ০৪

সুরঃ রানা মাসুদ

www.pathagar.com

দেশগান

শহর জুড়ে ধোঁয়ার নদী
মিষ্টি বাতাস নাই
ইটের মাঝে সুরের পরশ
কেমনে খুঁজে পাই

জীবন এখন কলের মতো
চলে দিনে রাতে
শুকতারাটাও ব্যস্ত কাজে
নেই তো সময় হাতে
ডাকলে বলে রাতের আকাশ
শোনার সময় নাই

গাঁয়ের বাঁকে বাঁশের ঝাড়ে
কালাপানি নদীর ধারে
মন ছুটে যায় পাখির মতো
স্বপ্ন দেখি অবিরত

ফুলের সুবাস বন বাদারে
কাদার মিঠে গন্ধটারে
যায়নি আজো ভোলা
শালুক পাতায় ডাহুক হাঁটে
দেয় হৃদয়ে দোলা
মনটা বলে সেই না গাঁয়ে যাই।

২৪ ০৪ ০৩

www.pathagar.com

দেশগান

শ্যামল মাটির সবুজ মায়া
কেড়ে নিয়েছে মন
লাল সবুজের নিশান আমার
কত যে আপন জন

ভুলতে পারিনি রক্তের দাগ
বোনের চোখের পানি
সোনার সে মাটি কেড়ে নেবে আবার
কেমন করে গো মানি
আমার বন্দরে কারা আসে ফের
কার সে আপন জন

পদ্মা শুকালো মেঘনা শুকালো
যমুনায় বালু চর
ছিট মহলের বন্ধুরা আজো
রয়ে গেলো হয়ে পর
কোথায় ওগো মুক্তিসেনারা
উজার হলো যে বন।

০৬ ১০ ১১

www.pathagar.com

দেশগান

ঝিরিঝিরি বইছে বাতাস
গাছের শাখে শাখে
গাঁয়ের বধু নদীর ঘাটে
কলসী কাঁখে কাঁখে
শ্যামলা গায়ে যায় ছুটে যায় মন

পথের ধারে বুনো ফুলের মৌ
দরজা ফাঁকে ঘোমটা টানা বৌ
মায়ের আদর বোনের হাসি
বাবার শাসন ভালোবাসি
টানছে আমায় হৃদয়কাড়া ক্ষণ

থাকছি পড়ে শহর মহল্লায়
মনটা আঁকে গায়ের ছবি
চোখের কিনারায়

জারি সারি বৈঠকী গান
পুঁথির আসর জুড়ায় পরান
শীতের পিঠা খেজুর গুড়
ভাটিয়ালী মিষ্টি সুর
হায় মানেনা আমার অবুঝ মন।

১২ ১২ ১২

www.pathagar.com

দেশ ও ভাষার গান

ভাষার কদর বুঝবি যদি
আগুন ঝরা ফাগুনে
পথের নুড়ি কালো পিচে
রক্ত কণা যা গুণে

মেরুন রঙয়ের ডালিয়া
রক্ত গোলাপ শিমুল হাসে
তপ্ত সে খুন ঢালিয়া
মায়ের বুকের কান্না শুনে শুনে

চেরি পলাশ লাল ফুলেতে
গানের ভোমর জুটুক এসে
পাতাবাহার কিংবা গাঁদায়
বাজুক খুশির তালিয়া

রক্ত ঝরা একুশ
খোদার সুরে গান শেখাতে
ত্যাগের খাতায় নাম লেখাতে
দে এনে দে শুকনো শাখায়
মূল্যবোধের সে কুশ
দেশটা এখন জ্বলছে তুসের আগুনে।

২১ ০২ ৯৯

সুরঃ মাসুদ রানা
এ্যালবামঃ মেঘমুক্ত আকাশ
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

ভাষা ও দেশের গান

সোনালী হরফে লেখা বর্ণমালা
আমার মায়ের কথা কয়
রক্তের দাগ নিয়ে ওড়ে পতাকা
উঁচু মাথা নোয়াবার নয়

ভোমরারা ফুল বনে গান গেয়ে যায়
ডালে ডালে পাখি তোলে সুর
হৃদয়ের কোল জুড়ে নীলিমার ঢেউ
সুখের বিজয় আনে ছন্দ নূপুর
কবিতার বুক জুড়ে বিজয়ের ডাক
নতুন সুরের তালে সুবাতাস বয়

স্বপ্নের মৌ বনে হায়েনার ডাক
ছিঁড়ে খাবে অ- আ ছবির খাতা
দিন রাত পাহারায় লক্ষ সেনা
নাচবে শাখায় শাখায় নতুন পাতা
আঁকবে নতুন ছবি স্বপ্নের দেশ
তোমার ছেলেরা মাগো হারবার নয়।

২৮ ০১ ১২

সুরঃ মশিউর রহমান
এ্যালবামঃ বর্ণমালা
অনুপম সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

ভাষার গান

অ আ ক খ বর্ণমালা
বুকের গভীরে আনে শক্তি
শহীদের রক্ত যাবে না বৃথা
দিনে দিনে বাড়বেই ভক্তি

জন্মের পরে পরে বাবা মার মুখে শিখি ভাষা
মাটি আর মানুষের পরশে পরশে গড়ি আশা
আষাঢ় শাওনে আনি স্বপ্ন দেখার নয়া বান
বুকে বুকে তুলে আনি বিজয়ের কল্পনা শক্তি

বিশ্বাসে নিশ্বাসে উঠে আসে জীবনের ছবি
নজরুল ফররুখ বাংলা ভাষার শত কবি
করে দেয় পথ চেনা জীবনের লেনা দেনা
ইহকালে পরকালে পেতে চাই সফলতা মুক্তি।

১২ ১২ ১২

www.pathagar.com

শহীদি গান

মুখ তোলো মা চোখ মুছে নাও
আর কেঁদো না তোমার ছেলের জন্য
সেতো দীনের পথে শহীদ হয়ে জীবন করেছে ধন্য
ও মা আর কেঁদো না তোমার ছেলের জন্য

দ্যাখো মা, আমীর হামজা কলিজা দিয়েছেন বলে
কোটি হামজা দেখেছি
তোমার ছেলেদের পথ ধরে মাগো
রক্তে এ নাম লেখেছি
মালেক হামিদ আনিস পাশা
হাফিজ নোমানীর লক্ষ আশা
মিছিলে মিছিলে ফুটে উঠেছে
সুখি সমাজের জন্য
মাগো, ওরা জীবন করেছে ধন্য

মাগো, এখনো মানুষ ঘুমাতে পারে না সুখে
ক্ষুধা কান্না সকলের চোখে মুখে
জীবন যেখানে অবরুদ্ধ এক গলি
কেমনে তবে মা এ পথ ছেড়ে
নিরিবিলি একা চলি?

মাগো মা, সাগরের বুকে কান্নার ঢেউ ওঠে
ময়দান জুড়ে হাহাকার
কান পেতে শোনো শত আহাজারি
বাঁচবার তরে আহা কার
কুরানের পাতা ছিঁড়ে পড়ে থাকে
দুঃখী মানুষেরা পিছু ফিরে ডাকে
তাইতো চলেছি জিহাদের পথে মা সোনালী দিনের জন্য
ও মা সবার জন্যে দুআ করো তুমি
হতে পারি যেনো বিজয়ী সেনা শহীদের দলে গণ্য।

২৭ ০৯ ১১

www.pathagar.com

শহীদি গান

মালেক মামুন হাফিজ পাশা
মায়ের বুকের ভালোবাসা

পড়তে গেলো এলোনা ফিরে
মায়ের আশার স্বপ্ন নীড়ে
সব সাথীদের ছাড়িয়ে গেলো
আগেই পেয়ে খোদার ভালোবাসা

কোরানের কথা তারা বলতো
রাসূলের পথ ধরে চলতো
এই দুনিয়ার মোহ মায়া
দৃপ্ত পদভারে দলতো

হায়েনার দল সইলোনা আর
হৃদয় পুড়ে হলো ছারখার
সোনার ছেলে কেড়ে নিলো
পুরলো না মায়ের স্বপ্ন আশা।

২৬ ০৯ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ, বগুড়া

www.pathagar.com

শহীদি গান

হাজার মুখের ভীড়ে দুচোখ একটি মুখের খোঁজে
ঘুরে বেড়ায় মাঠে ঘাটে
মতিহারের সবুজ পাটে
ফুলবাড়িয়ার পথের বাঁকে বছর জুড়ে রোজে

চাঁদের মতো মুখটা যে তার বইতো হাসির ঝরনা
ছোট বড় সবার আপন কারো কাছেই পর না
সেই সোনা মুখ কোথায় গেলো
কোন সে পাষাণ কাইড়া নিলো
হৃদয় ভরে কান্না আসে সকাল দুপুর সাঁজে

হায় নোমানী হায় নোমানী পরান ফেটে যায়
শিক্ষক কাঁদে বন্ধু কাঁদে কান্দে আব্বা মায়

শহীদ নেতা আমীর হামজা সাব্বির আইয়ুব ডাকে
গ্যাছো তুমি সেই মিছিলে জীবন নদীর বাঁকে
শাহাদাতের সুধা পিয়ে
সবুজ বরণ পাখি হয়ে
জান্নাতে আজ উড়ছো তুমি দেখছি দুচোখ বুঁজে।

২০ ০৮ ১১

সুরঃ আবদুল ওয়াদুদ

www.pathagar.com

শহীদি গান

দেখিনি কখনো ওগো প্রভূ তোমাকে
চোখে তবু প্রিয় নবীর হাসি মাখা মুখ
দেখিনি কখনো বদর- উহুদের প্রান্তর
চোখে তবু ভেসে থাকে শহীদের অন্তর
সব কিছু বুকে টেনে পেতে চাই সুখ
হৃদয়ের কাছে রাখো আমাকে

আঁধারের কালি মাখা এই জামানার
ভাগ্যাহত এক বান্দা আমি
শয়নে স্বপনে দেখি জান্নাতি সুখ
পাবো কি সে সুখ ওগো অর্ন্তযামী
হামযার মতো দাও সাহসী হৃদয়
কবুল করো প্রভূ আমাকে

আরাকান আফগান ফিলিস্তিনে
বদরের শহীদেরা ডেকে ডেকে যায়
মালেকের খুনমাখা বাংলাদেশে
নোমানীরা যুগে যুগে নাম লেখে যায়
আমিও হতে চাই তাদেরই সাথী
কবুল করো প্রভূ আমাকে।

০৯ ০৯ ১২

www.pathagar.com

শহীদি গান

সকালের সূর্যটা কেন এতো লাল
লাল হলো কেন ঐ গোধুলী আকাশ
হৃদয়ের কান্নাটা কেন বেসামাল
দোল দিয়ে যায় কেন পূবালী বাতাস

শহীদের খুন রাঙা রক্ত নদী
সময়ের সাথে চলে নিরবধি
খুন ছুঁয়ে উঠে আসে সূর্য সকাল
গোধুলী বিদায় বেলা তবুও সে লাল
গায়ে মেখে শহীদের রক্ত সুবাস

ছেলে হারা মার বুক বেদনা বিধুর
পরান ছুঁয়ে ফেরে দূর থেকে দূর
হৃদয়ের কান্না তাই সকলের
খুন বেয়ে উঠে আসে দীন বিজয়ের
দোল দিয়ে যায় তাই পূবালী বাতাস।

১৬ ০১ ০১

সুরঃ মাসুদ রানা
এ্যালবামঃ মেঘমুক্ত আকাশ
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

মায়ের গান

কাঁদছো কেন দুখিনী মা
কাঁদছো কেন আর
কেঁদে কেঁদে জীবন কেন
শেষ কর তোমার

চেয়ে দেখ আজ মানিক তোমার
খোদার রজ্জু ধরে
মুক্তির লাগি জালিমের সাথে
লড়াই সে যে করে
নেই মা সময় আর
বসে বসে কাঁদবার
জীবন দিয়ে আনবো মোরা
মুক্তি পুনর্বার; শান্তি পুনর্বার

দীন দুঃখী আর বাদশাহ ফকির
সবাই ভাই ভাই
এক কাতারে মানুষ হব
এইতো মোরা চাই
কেঁদনা তুমি আর
হারিয়ে যাওয়া সুখ যে তোমার
ফিরবে পুনর্বার।

১২ ০৩ ৮৭

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ ডাক দিয়ে যাই
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

মায়ের গান

ভয় করোনা মা শপথ নিয়েছি
খোদার পথে জীবন মরণ শপে দিয়েছি

সবুজ নবীন প্রাণগুলো আজ
গড়বো ধরায় সোনালী রাজ
মুসায়াবের সাথী হবো
শপথ নিয়েছি

মালেক মতিন শীষ মুহাম্মদ
মায়ের বুকের সেরা সম্পদ
তাদের মত গড়বো জীবন
শপথ নিয়েছি

চোখের পানি থাকবে না আর
সুখ সাগরে আনবো জোয়ার
কাঁদবে না আর দুঃখি মানুষ
ভেবে দেখেছি।

১২ ০৭ ৯৪

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ ডাক দিয়ে যাই
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ, বগুড়া

www.pathagar.com

মায়ের গান

হৃদয় মনের পদ্ম পুকুর
উথলে ওঠে তোমার দোয়ায়
চৈতি তাপে শীতল হাওয়া
পাইযে মাগো তোমার ছোঁয়ায়

বিদেশ গাঁয়ে যখন দুচোখ বুঁজি
মাটির কাঁচা গন্ধটা মা তোমার বুকে খুঁজি
ঘুম ভেঙ্গে যায় স্বপ্ন ফুরায়
থাকি জীবন ধোঁয়ায়

মাগো আমি হইনি তোমার পর
তোমার হাতের স্বপ্ন পরশ চায় যে আমার ঘর

এই দুনিয়ার স্বপ্ন মোহ মায়া
রাখছে দূরে তোমায় আমায় পাইনা তোমার ছায়া
মন আঙিনা ধুধু মরু
চোখের কাছে চাই মা তোমায়।

০৯ ০৫ ০৬

www.pathagar.com

মা-বাবার গান

আমি আকাশে উড়িলাম দুনিয়া ঘুরিলাম
সুখ পাখির লাগিয়া
পাষাণ ও পাখি উড়ে যায় ডাকি
অজানা দিকে যায় ভাগিয়া

গাঁয়ের মাটিতে জন্ম আমার
মায়াবী সবুজে ঢাকা
সুখের লাগিয়া গিয়াছি ভুলিয়া
শূন্য মরু মন খাঁ খাঁ
অজানা নেশায় ছুটেছি তবু
আয়েশী নিশি জাগিয়া

বাবাকে ভুলেছি মাকে ভুলেছি
ভুলেছি বন্ধুয়ারে
সুখের নেশায় শৈশব ভুলেছি
কে দেবে সুখ মোরে

পথের বাঁকে বাঁকে তাকিয়া কান্দে
আমার দরদী মায়ে
ফিরবে কবে যে অবুঝ ছেলে মোর
সবুজ সোনার গাঁয়ে
ওরে ও বিধিরে দাওনা ফিরায়ে
কাল কাটাবো কত কাঁদিয়া।

২২ ০৭ ০৭

সুরঃ জাহাঙ্গীর আলম
এ্যালবামঃ এক মুঠো রোদ
বিকল্প সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

মায়ের গান

লক্ষ চাঁদের হাসি দেখি
আমার মায়ের মুখে
গোলাপ বেলী হাসনাহেনার
সুবাস মাখা বুকে

আমার ছোঁয়ার পাগল তাহার মন
দুরে থাকি তাইতো মায়ের উজাড় সবুজ বন
চোখের কোণায় গরম পানি
কাল কাটে তার দুঃখে

মাগো তুমি কান্না কেন কর
আমি কি আর ছোট্ট শিশু এখন অনেক বড়
ভাল আছি তোমার দোয়ায়
আছি পরম সুখে

চোখের কোণার জল মুছে মা
হাসে দুঃখের হাসি
বুঝবিনারে বাছা তোরে
কত্তো ভালবাসি

চোখের পাতা এক করিনা আজও
তোর স্মরণে কান্না আসে ভাল্‌লাগেনা কাজও
তুই যে আমার সবচে আপন
দুঃখে এবং সুখে ।

১০ ০৮ ০৫

www.pathagar.com

মাহে রমযানের গান

আস্‌সাউমু লী
ওয়া আনা আজজিবিহী
বান্দার যত চাওয়া
এর চেয়ে বেশী পাওয়া
দুনিয়া আখিরাতে আছে প্রভূ কি

আকাশে বাতাসে সাগর তীরে
আনন্দ হাসি গান সকল নীড়ে
পরতে পরতে খুশির দোলা
তোমারই নেয়ামত যায় কি ভোলা
তাইতো আশা নিয়ে রোজা রেখেছি

আরশে জমিনে রোজারই গান
সুখের এ পরিবেশ তোমারই দান
জীবনে জমে থাকা পাপের পাহাড়
ও গাফুর ক্ষমা কর হয়োনা কাহহার
তোমাকে পাবো বলে সব ছেড়েছি।

২৮ ০৭ ০৭

সুরঃ জাহাঙ্গীর আলম
এ্যালবামঃ রহম ঝরা সিয়াম
বিকল্প সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

মাহে রমযানের গান

হাত তুলেছি এই গুনাহগার
বরকতেরই রাতে
তাকাও প্রভু ওগো মনিব
রহমতেরই সাথে

সারা জীবন পাপ করেছি
ভুলের নায়ে চড়ে
হালাল হারাম সব ভুলেছি
সুখের লোভে পড়ে
সুখের পাখি মিথ্যে ফানুস
জীবন জল প্রপাতে

তোমার মনের আকাশ প্রভু
অগণিত বড়
সেই আকাশে আমার তরে
একটু দয়া কর

সাগর সাগর তৃষ্ণা বুকে
জীবন মরুভূমি
হাজার মাসের শ্রেষ্ঠ রাতে
ক্ষমা চাইগো আমি
তুমি গাফুর তুমি রহীম
নাও টেনে দুইহাতে ।

২৮ ০৭ ০৭

সুরঃ আবদুল ওয়াদুদ
এ্যালবামঃ রহম ঝরা সিয়াম
বিকল্প সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

মাহে রমযানের গান

কি মজার ক্ষণ দিলে সুবহানাল্লাহ
কি মজার দিন দিলে- আলহামদুলিল্লাহ্
যার দমে দমে ভেসে আসে ক্ষমার ঘোষণা
পাপ কালিমা মুছে আনে আলোর জোছনা

[মান সামা রমাযানা ঈমানা- ওয়া ইহ্‌তিসাবা-
গুফিরা লাহু মা তাক্বাদ্দামা মিন জামবিহ্]

জীবন নদীর চলতি পথে পাপকালিমার ঢেউ
ক্ষমা ছাড়া মুক্তি পাবে বান্দা নাইযে কেউ
রহীম গাফুর তাইতো তুমি
টেনে নিতে বক্ষে চুমি
বরকতেরই রোজা দিলে ভালবাসার নিশানা ।

[মান ক্বুমা রমাযানা ঈমানা- ওয়া ইহ্‌তিসাবা-
গুফিরা লাহু মা তাক্বাদ্দামা মিন জামবিহ্]

রোজার স্রোতে কাটলে সাঁতার ইহ্‌তিসাবের সাথে
জায়নামাজে দাঁড়াই যদি নিঝুম গভীর রাতে
ঝরবে রহম ভালাবাসা
মুমিন দিলের পূরবে আশা
রাইয়ানেরই খাস মেহমান চিরসুখের ঠিকানা ।

০৩ ০৮ ০৭

সুরঃ আবদুশ শাকুর তুহিন
এ্যালবামঃ রাইয়্যান
প্রত্যয় শিল্পী গোষ্ঠী

www.pathagar.com

মাহে রমযানের গান

গোলাপ রাঙা কেবলা পাটে
বাঁকা সোনার চাঁদ
খুশির ঝিলিক সুবাস ছড়ায়
তাসবীহ্ দানায় কাঁধ

আতর মাখা নিঃশ্বাসে
মুক্ত তাজা বিশ্বাসে
জাত ভেদাভেদ কুল ভুলে আজ
এক কাতারে সাম্য সমাজ
ফেরেশতারা আরশ কাঁপায়
ভেঙে মিলন বাঁধ

বাদশা ফকির মুমিন দীলে
নাইতে এলাম সিয়াম ঝিলে

হুরের হাসির নিশানটা
মুক্তি আঁকা ঈশানটা
রাতের কিয়াম আত তারাবী
মুচকি হাসেন আল আরাবী
খোদার দিদার মিলবে তবে
ঘুচবে আঁধার রাত ।

১০ ০১ ৯৯

সুরঃ সুমন আজিজ
এ্যালবামঃ সিয়ামের ডাক
প্রত্যয় শিল্পী গোষ্ঠী

www.pathagar.com

মাহে রমযানের গান

রহম ঝরা সিয়াম এসে
ডাক দিয়ে আহারে
জাগো মুমিন ডুইবো নাকো
দুনিয়াদারীর বাহারে

সারা বছর থাকলে ডুবে পাপ দরিয়ার মাঝে
কখন কারে ডাকবে দয়াল ভাবনা হলো না যে
তাইতো সিয়াম নাড়ছে কড়া
তোমার ঘরের দুয়ারে

এই দুনিয়া মিছে মায়া
ডুব সাঁতারের খেলা
আকাশ পানে চাইয়া দেখো
ডুইবা গেল বেলা

মুক্তি সুবাস যায় ছড়িয়ে সিয়াম নামের ফুলে
সেই সুবাসে হৃদয় ভরাও উঠতে নদীর কুলে
আর ছেড়োনা এমন সুযোগ
বুকে জড়াও তাহারে।

২০ ০৫ ১২

সুরঃ মশিউর রহমান
এ্যালবামঃ অমিয়ধারা
অনুপম সাংস্কৃতিক সংসদ, ঢাকা

www.pathagar.com

মাহে রমযানের গান

জাগো জাগো জাগো
জাগো বন্ধুয়া জাগো
কান্না ঝরানো হৃদয়ে আজিকে
জীবনে ক্ষমা মাগো

সারাটি জীবন কেটেছে তোমার
খুশি আর আহ্লাদে
সময় যে আজ যাচ্ছে ফুরিয়ে
আঁকাবে পরপারে
পূন্য এ রাত্রি খুলেছে ক্ষমার দ্বার
পাপের বাজার পুড়ে করো ছারখার
অলস হয়োনা ঘুমে আর থেকোনাগো

আকাশের তারা ফুলের পাপড়ি
সকলেই আজ জাগা
তুমি কেন ভাই ঘুমের গহীনে
হবে কেন হতভাগা

পিছনে তাকাও কাটিয়ে এসেছো
কতকাল কতক্ষণ
পাপ-জঞ্জাল টেনেছো কতটা
জানে কি তা এই মন
একে একে ক্ষমা চেয়ে নাও সব পাপ
ভালবাসা নিয়ে দাঁড়ায়ে তিনি যে
করে দিতে সব মাফ
সুযোগ ছেড়োনা তার কাছে দোয়া মাগো।

৩০ ০৭ ১২

www.pathagar.com

ঈদের গান

ঈদ মানে মজা করা চারিদিকে খুশির আবেশ
ঈদ মানে কাছে আশা
ঈদ মানে ভালবাসা
ঈদ মানে সকলের সুখি পরিবেশ

ঈদ মানে ঘরে ঘরে সবুজের ঢেউ
মুখে মুখে হাসি আর শান্তির গান
ঈদ মানে আশে পাশে খবর নেয়া
এক সুরে এক তালে বাঁধা সব প্রাণ
ঈদ মানে সবখানে শান্তি অশেষ

ঘুরে ফিরে বারে বারে
ঈদ আসে ঈদ চলে যায়
ঘুচেনা দুঃখ কেনো
গরিবের ঠাঁই মেলা দায়

আজো কেন অনাথের চোখে ঝরে পানি
খুঁজে খুঁজে পায়নাকো জীবনের দাম
যায়েদের মতো কেন মেলেনাকো ঠাঁই
আসবে কি ফিরে সেই শান্তি সুনাম
দাও খোদা শান্তির সুখি পরিবেশ।

৩১ ০৭ ১২

www.pathagar.com

ঈদের গান

জোসনা ঝরা চাঁদের মুখে মিষ্টি আলোর হাসি
ফুল পাখিরা ছন্দ তুলে
বনী আদম দ্বন্দ্ব ভুলে
গলায় গলায় এক হয়ে সব বলছে ভালোবাসি

ঈদের মজার দিনে
ভালোবাসায় দুহাত ভরে
নিচ্ছে সওয়াব কিনে
এক হয়ে সব পড়ছে নামাজ থাকছে পাশাপাশি

নেই ভেদাভেদ গরীব ধনী
সবাই সবার মধ্যমণি
এমন সমাজ দাওগো খোদা
দাও হৃদয়ে সুখের খনি

দাও দুনিয়ায় উমার দরাজ দিল
শহর গাঁয়ে দুখ তাড়াতে
ভালবাসা সুখ বাড়াতে
নতুন আলোয় হাসবে সবাই
মন হবে স্বপ্নিল
সবার দিলে বাঁজবে খুশির বাঁশি ।

০৭ ০৯ ০৪

সুরঃ ইউসুফ বকুল
এ্যালবামঃ রাইয়্যান
প্রত্যয় শিল্পী গোষ্ঠী

www.pathagar.com

ঈদের গান

ঈদের খুশির ডাক দিয়ে যায় শাওয়ালেরই চাঁদ
মনটা আমার চায় গো যেতে
তোমার রাজি খুশি পেতে
আবেগ ভরা হৃদয়টাতে মানছে নাকো বাঁধ

আমি অধম পাপী তাপী বড়ই গুনাহগার
চোখে আমার ভাসে শুধু গুনাহর সাগর
পাহাড় সমান যুলুম বুকে
মরছি লাজে ধুকে ধুকে
তবু খোদা এ হৃদয়ে তোমায় পাবার সাধ

অবুঝ হৃদয় চায় পেতে চায় তোমার ছোহবত
বুকের কাছে নিও খোদা
আসবে যেদিন কঠিন সময় হাশর কিয়ামত

দয়াল নবী রাসূল আমার উম্মতেরই কাণ্ডারী
শাফায়াতের হুকুম দিও আমায় নিতে পার করি
গুনাহর বোঝা মাফ করে দাও
সরল সহজ পথটা দেখাও
ঈদের খুশি দাও হৃদয়ে ঘুচাও দুঃখের রাত।

২৯ ০৭ ১২

www.pathagar.com

ঈদের গান

মেঘলা আকাশে আজ নতুনের গান
সোনালী চাঁদটা আনে খুশির জোয়ার
নেচে নেচে ওঠে যেন মুমিনের প্রাণ

ফসলের মাঠ জুড়ে সবুজের ঢেউ
বাতাসের কানে কানে খুশির হাওয়া
কান্নার ঠাঁই নেই বেতার জুড়ে
একতার সুরে সুরে গজল গাওয়া
ঈদগাহে মাঠে মাঠে শান্তির গান

উঁচু নিচু শাদা কালো
সব ভেদাভেদ আজ হয়ে যাবে শেষ
হাতে হাতে কাঁধে কাঁধে
শান্তির সুরে গড়া সুখি পরিবেশ

রিমিঝিমি বৃষ্টির গানের মতো
মন থেকে ধুয়ে যাক কষ্টের সুর
ঈদের খুশিতে আজ দেই ছড়িয়ে
অমীয় শান্তিধারা কুরানের নূর
চারিদিকে শুনি যেনো আল্লা'র শান।

২৮ ০৭ ১২

www.pathagar.com

ঈদের গান

আজি খুশির ধারা বহে ঘরে ঘরে
সোনার পরশে মাখা রূপালী চাঁদের হাসি
ঈদের খুশিতে মন উঠছে ভরে

সিয়ামের সুর তালে মন ভরে যায়
তারাবী সালাতে সব পাপ ঝরে যায়
সদ্য শিশুর মতো শাদা হলো মন
দ্বন্দ্ব-বিভেদগুলো পালায় দূরে

গাঁও শহরের ঘরে একতার সুর
মাঠ ঘাট আদালতে
আল্লা'র রহমতে
জ্বলে জ্বলে উঠে যেন কুরানের নূর

হৃদয়ের সুরে সুরে গান গেয়ে যাই
ধনী আর গরিবের ভেদাভেদ নাই
ভাগাভাগি করে নেই সুখ আর দুখ
সুখের সমাজ গড়ি খোদাকে স্মরে।

২৮ ০৭ ১২

www.pathagar.com

জাগরণী গান

আকাশের বুক জুড়ে কালো কালো মেঘ
বাতাসের বুকে পচা গন্ধ
রাজপথে ছোপ ছোপ রক্তের দাগ
জীবনের নেই কোন ছন্দ
(ফিরাবই জীবনের ছন্দ)

ফুল খেকো মিসাইল চারিদিকে আজ
বাগানের বুক জুড়ে কান্না
ভূখা নাঙা মানুষের বাড়ছে মিছিল
লুটেরার ঘরে হিরে পান্না
আর কতো কঙ্কাল দেখবে মানুষ
স্বপ্নটা আরো কতো মন্দ

মিথ্যার আগুনে জ্বলছে স্বদেশ
পুড়ছে নতুন পাতা ফাগুনের রেশ
আলেয়ারা সেজে আছে সত্যি আগুন
মুক্তির নিশানে জাগুন জাগুন

নদী বন মাঠ ঘাট পাহাড় চুড়ায়
একসুরে তুলি আজ মুক্তির গান
মনে ডাকি হামজা তারিক মুসা
সীসাঢালা ঐক্যে জাগাই পরান
মিছিলের তাকবীরে মুক্তি আনি
ফিরে আনি জীবনের ছন্দ ।

৩০ ১২ ১১

সুরঃ আবদুশ শাকুর তুহিন

www.pathagar.com

জাগরণী গান

মানুষের ঘরে ঘরে এখনো আগুন
এখনো আসেনি কারো সুখের ফাগুন
উদার বুকেতে তাই ডাক দিয়ে যাই
শান্তির আহ্বানে এই আয়োজন
ঘরে ঘরে বসে যেনো সুখের আসর

ঘরজুড়ে কালো রাত আঁধারের ঘোর
চারিদিকে ভয় ভয় কান্নার শোর
পথঘাট নদী নালা বন্ধ দুয়ার
গোলামীর দ্বার খোলা মাথাটা নোয়ার
রোগে শোকে সব্বাই শুস্ক পাথর

আকাশের বুকে ভাসে শাদা কালো মেঘ
সাগরের বুকে ওঠে ঝড়
তবু তারা কখনো পড়েনা ভেঙ্গে
স্বপ্নকে করে না কো পর

দুচোখের কোণে নয়া স্বপ্ন আঁকো
আল্লা'র নামে ফের সূর্য ডাকো
সবুজ স্বপ্নে গড়ো নতুন শপথ
পতাকার লালে মাখো পিচঢালা পথ
সুখে সুখে ভরে যাবে সবগুলো ঘর।

১২ ০৯ ১১

www.pathagar.com

জাগরণী গান

আলসে এ মনটাকে কেমনে বলো
আরো বেশি আড়ালে রাখি
দুনিয়ার বুক জুড়ে কান্নার ঢেউ
বুক ভেঙ্গে পড়ে আছে সুরেলা পাখি

জীবনের সাতরঙ আঁধারে হারায়
কেঁদে ফেরে মনভাঙা লক্ষ মানুষ
হায়েনার উল্লাস পাড়ায় পাড়ায়
স্বপ্নের মায়া ঘোরে উড়ায় ফানুস
হতে হবে রাহবার মুক্তিটা আনবার
এসো সবে একসাথে স্বপ্ন আঁকি

রাসূলের ভালবাসায় আস্থা রাখি
খালিদের চোখ দিয়ে নিজেকে দেখি
পতাকার লাল রঙে দেহটা মাখাই
সবুজ চাদরে মায়ের আদর সাজাই
ফুল পাখি কাশবন হাসবে আবার
সামনের পথ আরো কিছুটা বাকি।

১৫ ১২ ১০

www.pathagar.com

জাগরণী গান

ওরে ও স্বপ্নচারী মাঝি
চোখের স্বপন বুকে আনো
শক্ত হাতে বৈঠা টানো
জীবন রেখে বাজি
ওরে ও স্বপ্নমাখা মাঝি

উথাল পাথাল ঝড় উঠেছে সাগর নদী খালে
বৈরী হাওয়া হানছে আঘাত জাহাজ তরীর পালে
সুখের জীবন স্বপন কাড়ি
ভেঙ্গে নেবে বসতবাড়ি
এমন দিনে থাকলে বসে কেমনে হবে গাজী

ঝড়ো হাওয়া রাতের আঁধার চিরে
সোনার আলো আসবে আবার ফিরে

কোথায় তোমার মাল্লা মাঝি শক্ত বৈঠা হাতে
হেরার বাতি জ্বালো বুকে এই ঝড়োয়া রাতে
আল্লাহ্ নবীর গানের সুরে
ভয়ের নিশান তাড়াও দূরে
তরী তোমার ভীড়বে পাড়ে তারা হলে রাজি।

০৯ ০৬ ১১

www.pathagar.com

জাগরণী গান

প্রেম দরিয়া নাম দিয়া এক
সাগর বানাইছে
সুখের তরে সেই সাগরে
সাতার দেবে কে
বন্ধু আইসোনা রে

কালো শাদা নেই ভেদাভেদ
ধনী গরীব রাজা
সবাই সবার বন্ধু ওগো
নেইতো কেহ প্রজা
একই তালে কাটবে সাতার
এই দরিয়াতে
বন্ধু আইসোনা রে

সুখের সাথী দুখের সাথী
সবাই আপনজনা
দেশদুনিয়া ভিন্ন হলেও
সবাই সমমনা
সবার বুকে পাড়ের আশা
নিদান আখেরাতে
বন্ধু আইসোনা রে

১৩ ০৬ ১১

সুরঃ রানা মাসুদ

www.pathagar.com

জাগরণী গান

জেগে থেকে লাভ কি বলো
লাভ কি জেগে থেকে
যদি মনের কোণে রাত্রি থাকে
ঘুমের আবেশ মেখে
শুধু লাভ কি জেগে থেকে

থাকতে হবে জাগার মতো জেগে
ছুটতে হবে সময় ঘড়ির বেগে
আনতে হবে সুদিন আলোর ভোর
খুলতে হবে শান্তি সুখের দোর
দেহ মনের আদর সোহাগ মেখে

বাইরে আজো বৈরী হাওয়ার ঝড়
ঘুমের ঘোরে জাগলে বলো
কেমনে রবে ঘর

প্রেম দরিয়ায় পাল উড়ে দাও যদি
জান্নাতেরই স্বপ্নে নিরবধি
ঝড়ের মাতম যাবেই যাবে থেমে
সুখের আবেশ আসবে জানি নেমে
চলো নকীব সামনে চলো ডেকে।

০৭ ০৯ ১১

www.pathagar.com

জাগরণী গান

রাতের পরে রাত চলে চলে যায়
দিনের পরে দিন
যাচ্ছে সময় বাড়ছে আমার
হাজার বোঝা ঋণ

স্বপ্ন ছিলো অনেক বড় হবার
করবো সেবা দেশ জনতা সবার
স্বপ্নগুলো ভেঙ্গে হলো চূর
সুখের আশা যায় পালিয়ে দূর
ভাসছে কানে হতাশ নামের বীণ

মওলা তুমি নিদানকালের সাথী
আঁধার সরাও দাও জ্বালিয়ে বাতি
তুমি ছাড়া কেউ ভরসা নাই
তোমার কাছেই পথের দিশা চাই
দাও না এনে সুখের সকাল- দিন।

১৩ ০৭ ১০

www.pathagar.com

জাগরণী গান

পাড়ি দিতে হবে আজ সাহসের রাত
স্বপ্নীল মনটাকে কাছে টেনে নাও
বিপথের শক্তিরা হবে কুপোকাত
ঈমানের মাঝিদের বন্ধু বানাও

তোমার হাতটা যদি সামনে বাড়াও
আসতে পারে তবে আরো দুটি হাত
হাতে হাতে বন্ধন অটুট হলে
আসবে দিনের আলো ঘুচবে এ রাত
তবে কেন বন্ধু পিছনে তাকাও

চেয়ে দেখো আকাশে পূবের পানে
ভোর বেশি দেরি নাই
জ্বলবে আলোর মেলা
নদী ফুল পাখিদের মধুর গানে

এসো তবে এই হাতে ও হাত রাখো
গড়ে তুলি সীসাঢালা বন্ধন
ভুলে যাই ভেদাভেদ বাধার দেয়াল
বুকে এনে ভালোবাসা - নন্দন
চলে এসো বন্ধু বিবেক হাকাও।

০৮ ০৬ ১১

www.pathagar.com

জাগরণী গান

গুন টেনে টেনে লক্ষে চলেছি
রূপালী অতীত ছাড়িয়ে
উৎসবে মাতি সুরের নদীতে
স্বপ্নের ঢেউ মাড়িয়ে

সোনালী স্বপ্নেরা নতুন প্রত্যয়ে হাসো
সুরের পাখিরা নতুন আমেজে আসো
জীবন গল্পের অন্তর জুড়ে জুড়ে
জেগে জেগে ওঠো নতুন স্বপ্ন সুরে
মনের মুকুরে মননের ঢেউ নাড়িয়ে

সোনায় সোনায় ঢেকে যাক সব কালো
মনের মরুতে আসুক হেরার আলো

হেরার নদীতে দাঁড় টানি দাঁড় টানি
জাহেলী শেকড় উপড়ানো দিন আনি
এখনো সময় হাতছানি দিয়ে ডাকে
সুরের নকীব মমতায় চেয়ে থাকে
ঐতো আরশে আছেন দুহাত বাড়িয়ে ।

১৭ ০৭ ০৭

সুরঃ লিটন হাফিজ
এ্যালবামঃ উৎসবের গান
প্রত্যয় শিল্পী গোষ্ঠী

www.pathagar.com

জাগরণী গান

সবুজের মাঝে ঐ টগবগে রক্তিম সূর্যের ডাক
কুয়াশার জাল ছিঁড়ে
দুখী মানুষের ঘরে
জ্বেলে দিতে হবে আজ শান্তি মশাল
জাগো, ঘুমন্ত শার্দুল জাগো জাগো
জীর্ণতা অলসতা থাক পড়ে থাক

সাগরের কোল ছুঁয়ে দাঁড়িয়ে স্বদেশ
মেঘে মেঘে ছেয়ে গেছে সুনীল আকাশ
অনিয়ম দূর্নীতি হালের ফ্যাশন
বিষে বিষে ভরে গেছে কোমল বাতাস
হেরার রশ্মি ডাকে জাগো জাগো
জীর্ণতা পিছুটান থাক পড়ে থাক

টেকনাফ তেতুলিয়া সাগর পাহাড়
সবখানে চাই আজ দক্ষ নাবিক
সততার বন্ধনে বিবেক জাগাও
বিভেদের রাজনীতি বলো ধিকধিক
ঐক্যের বাঁধনে জাগাও স্বদেশ
এই আয়োজনে আজ শপথের ডাক।

০৫ ০৬ ০৯

সুরঃ জাহাঙ্গীর আলম
এ্যালবামঃ সম্মেলনের গান
সমন্বিত সাংস্কৃতিক সংসদ (সসাস)

www.pathagar.com

জাগরণী গান

এখনই আসল সময় জিহাদে যাবার
এখনই সময় হলো দিন বদলের
এখনই আসল সময় শহীদ হবার
গড়তে হলে ধরায় রাজকোরআনের

এখনও আঁধারে ঘেরা এই যে ভূমি
কি করে আয়েশে আজ ঘুমাবে তুমি
পথে পথে কাঁদে মানুষ হাজারে হাজার
আকাশে বাতাসে শুনি শুধু হাহাকার
জীবনের এই বেলায় যুদ্ধ ভীষণ
বড়ই অভাব আজ যোদ্ধা মনের

কুয়াশা ভেদ করে আসবে আলো
জীবনের কুয়াশায় প্রদীপ জ্বালো

শীতের শেষে ঐ ঝরা পাতা
কে রাখে বলো তার নাম ঠিকানা
বোশেখ মাসের এই তপ্ত বেলায়
পাগলা হাওয়ার সাথে যুদ্ধ খেলায়
ঝরিয়ে পড়ুক যত সবুজ পরাণ
পাতায় পাতায় রবে নাম জীবনের ।

০৪ ০৮ ০১

সুর: লিটন হাফিজ
এ্যালবাম: কেতন
প্রত্যয় শিল্পী গোষ্ঠী

www.pathagar.com

জাগরণী গান

খালিদের অনুসারি জেগে ওঠো ফের
ভয়ে বুক ধুকধুক হোক তাগুতের

রাসূলের পথ ধরে এগিয়ে চলো
মন হতে রিপুগুলো পুড়িয়ে ফেলো
হামজার চেতনা
হৃদে হোক দ্যোতনা
ত্যাগের শিক্ষাগুলো দাও সাথীদের

খোদার জমিনে দীন করতে ক্বায়েম
মায়ের বুকেতে লাশ মালেক সায়েম

কুরআনের জয়গানে হও আগুয়ান
পথ চল সম্মুখে গাও জয়গান
হায়দারী হুংকারে
তলোয়ারের ঝংকারে
তেজ্যোদৃপ্ত শিখা জ্বালো ঈমানের।

১৭ ০৭ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জাগরণী গান

সময় বদলে যায়
বদলায় মানুষের মন
পরিবেশ বদলে যায়
বদলায় সবুজের বন

কালো মেঘ খেয়ে নেয়
সোনালী সকাল
কোটি মানুষের ভীড়ে
নকীবের আকাল
শান্তির সন্ধানে কেঁদে ফেরে মন

শালিক পাপিয়া কাঁদে ব্যাথাতুর মনে
আসবে সুদিন কবে সবুজের বনে

অসহায় শিশু কাঁদে
স্বামী হারা নারী
পিতা মাতা ভাই বোন
করে আহাজারি
খালিদ মুসার তাই বড় প্রয়োজন।

১৩ ০৯ ০৪

সুরঃ মাসুদ রানা
এ্যালবামঃ জীবন চাকা
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

আবেদনমূলক গান

যত বড় বোঝা আমি পারিনাকো টানতে
তত বড় বোঝা খোদা দিও না
বিজয়ী হবার মতো যোগ্যতা দাও
তা না হলে পরীক্ষা গো নিও না

চারিদিকে হায়েনা ও দাঁতাল পাগল
বোঝেনা তোমার হুকুমাত
সারি বেঁধে চলে সব নিজ মতবাদে
ছড়িয়ে দিচ্ছে ভরা জুলুমাত
আফসোসে ভরে যায় এই অন্তর
পাষাণ কঠিন তুমি হয়ো না

দীন বিজয়ের পথে লক্ষ সেনা
জ্ঞানী গুণি সিপাহশালার
চলবার পথে পথে হাজারো বাঁধা
শক্তি সাহস দাও এগোবার
সকল ক্ষমতা জানি তোমার হাতে
অসহায় পথে ঠেলে দিও না।

১২ ১১ ১২

www.pathagar.com

আবেদনমূলক গান

আলেয়ার রঙে ভরা এই সমাজে
দাও গো খোদা আলীর দরাজ দিল
আধাঁর চিরে ফের আনতে আলো
ঈমানের নূরে কর মনটা রঙিন

তারার ফুলে ফুলে ভরাও আকাশ
মনটা করে দাও আলো
সেই বাগানের গোলাপ হতে
জ্ঞানের সুধা তুমি ঢালো
নবীর নূরে তাড়াও আঁধার
দাও সেই আলোর দিন।

মেঘলা কালো রাত যে এখন
নেইকো নায়ের মাঝি
আলোর মাঝি মাল্লা পাঠাও
থাকলে তুমি রাজি
রাশেদার সেই যুগ ফিরে দাও
দাও গো সেই সুদিন।

১০ ০৯ ০৯

www.pathagar.com

আবেদনমূলক গান

ওরে ও দুনিয়াবাসি
আমরা যারা ফিলিস্তিনি
কোথায় আছি কেমন আছি
কেমনে কাঁদি কেমনে হাসি
কেমন করে বেঁচে আছি দেখনা গো আসি
ওরে ও দুনিয়াবাসি

মুক্ত আকাশ মুক্ত বাতাস মুক্ত বাড়ি ঘর
কিছুই আমার নয় যে আপন সবই যেন পর
নদীর পানি মাঠের ফসল
সবই তারা করছে দখল
কোন সে দোষে নিজের ঘরে আমরা পরবাসি

বালির কণা পথের নুড়ি রক্তে ভিজে লাল
অফিস বাড়ি শিক্ষাভবন সবের একই হাল
হায়রে আঘাত মায়ের বুকে
কান্না সবার চোখে মুখে
শিশু কিশোর বৃদ্ধ যুবা নেই যে কারো হাসি

লেখা পড়ার স্বপ্ন এখন নেই শিশুদের বুকে
ইসরাইলি বুলেট বোমার চিহ্ন দেহ মুখে
যুদ্ধ দেখা তাদের খেলা
কেঁদেই কাটে সারাবেলা
ধ্বংস বাড়ি লাশের সারি কেমনে বলো বাঁচি

বিশ্ব বিবেক বিশ্ব মোড়ল আজকে কি নেই কেউ
কেউ দেখেনা ফিলিস্তিনে রক্ত নদীর ঢেউ
তুমিই প্রভু সকল আশা
বেঁচে থাকার শেষ ভরসা
মাফ করে দাও ফিরে তাকাও দাও বিজয়ের হাসি।

০১ ০২ ০৯

www.pathagar.com

স্মৃতিচারণমূলক গান

দীনের বাধন যায় কি ভোলা ভাইরে
দীনের বাধন ছিন্ন হলে
কোন মালা আর থাকবে গলে
নাজাত পাবার খবর বলো
কোন বা পথে পাইরে

একই দেহে করছি বসবাস
একই স্বপন দেখছি বারো মাস
কেমনে তুমি থাকবে বসে
দিন কাটাবে রঙ্গ রসে
কেমনে তোমার মনটা টানো বাইরে

এই কাফেলার সকল মানুষ
একটা চালু কল
একই খোশায় বদ্ধ থাকা
মিষ্টি তাজা ফল

কেমনে তুমি পিছন ফিরে চাও
কিসের ভয়ে দূরে সরে যাও
দেহের কোথাও অসুখ হলে
গোটা দেহ যায় বিফলে
কষ্টগুলো ঠিকই বলো মন গহীনে পাইরে।

১৩ ০৬ ১১

www.pathagar.com

গণসঙ্গীত

শাদা কালো উঁচু নিচু ক্যানো ভেদাভেদ
সবার রক্ত দ্যাখো লাল লালে লাল
সকলের পিতামাতা আদম হাওয়া
তবু ক্যানো জ্বলেনা গো একতা মশাল

লাঙলের ফলা থেকে
যে মানুষ তুলে আনে সোনা
কত ঘাম ঝরে যায়
কখনো কি যাবে সেটা গোনা
তারে ক্যানে পিছে রাখো
ক্যানে গড়ো তার মাঝে বিভেদ দেয়াল

শাদা কালো উঁচু নিচু সকলেই সৃষ্টি খোদার
তবে ক্যানো ভেদাভেদ তোমার আমার

ইট ভেঙে ভ্যান টেনে
যে মানুষ দেশটাকে গড়ে
তারে ক্যানো ঠেলে দাও
তারা ক্যানো দূরে থাকে পড়ে
তাদেরও তো মন আছে
এসো সবে সেই দিকে রাখি খেয়াল।

৩০ ০৯ ১১

www.pathagar.com

মাদকবিরোধী গান

তুমি নেশার ঘোরে বুদ হয়োনা
জীবন চাকা হবে শেষ
বাঁচার মতো বাঁচো বন্ধু
রক্ষা করো পরিবেশ

জর্দা তামাক সিগারেটে
নেশার পথে হাঁটায়
ক'দিন পরে গাঁজার ঘরে
অলস সময় কাটায়
তাড়ি মদ ফেনসিডিলে
প্যাথেডিন হিরোইনে
ভন্ডরাজা- সবই শেষ

তোমার দেহ নয়তো তোমার জানো
এই দেহটার স্রষ্টা যিনি
তার কথা কি মনের স্বাদে মানো

সামনে চলার স্বপ্ন নিয়ে
নিজের জীবন গড়ো
হিসেব তোমায় দিতেই হবে
একটু চিন্তা করো
আখিরাতে রোজ হাশরে
পার হতে পুলসিরাতে
কোন সে টিকিট করবে পেশ।

২৩ ০৯ ১২

www.pathagar.com

জীবনমুখী গান

গোলক ধাঁধায় কাটছে আমার ক্ষণ
এই তো সেদিন ছোট্ট ছিলাম
কেমনে যে আজ বড়ো হলাম
কখন যে ভাই ডাক পড়ে যায়
ছাড়তে আপন জন

চোখ বুজিলেই ইসকুলে যাই আজো
খেলায় মগন ভাল্লাগেনি বাড়ির কোন কাজও
হৈ হুল্লোর খেলার মাঠে
বৈঠা হাতে নদীর ঘাটে
কোথায় গেলো সে সব এখন
হায়রে অবুঝ মন

চুলে বুঝি পাক ধরেছে হায়
ঘড়ির কাটা ডাকছে বুঝি শুধরাতে আমায়

দয়াল আমার মনটা ভালো করো
জীবন ভরে পাপ করেছি মায়ার হাতে ধরো
কবর হাশর হিসাব নিকাশ
সে সব ভেবে মনটা হতাশ
থাকতে সময় মাফ করে দাও
পাপের পাহাড় বন।

০৬ ১০ ১১

www.pathagar.com

জীবনমুখী গান

দুধরঙ শাদা হয়
শাদা হয় নদী কাশফুল
বেলী ফুল শাদাভাত
শাদা হয় শিশুদের হাসি মাখা ভুল

জমিনের বুকে নাচে সবুজের ঢেউ
শাদা শাদা কুয়াশারা চুম দিয়ে যায়
আকাশের বুক জুড়ে নীলের সাগর
শাদা মেঘ ভালোবেসে ঘুম দিয়ে যায়
শাওনের কালো মেঘ ভাসায় দুকুল

নাড়ি চলে গাড়ি চলে
চলে যায় আকাশের চাঁদ
তীর ভেঙে নদী চলে
কাটে তবু নিরাশার রাত

সবুজের বুকে নামে ফুলেল হাওয়া
ফুলে ফুলে ভরে যায় সবটুকু বন
মানুষের মনে আসুক মানবতাবোধ
শাদা ফুলে ভরে যাক সকলের মন
ফুলে ফুলে ভরে যেনো স্বপ্ন মুকুল ।

১৫ ১১ ১০

সুরঃ জাহাঙ্গীর আলম

www.pathagar.com

জীবনমুখী গান

কি করে বন্ধু তুমি
পেতে চাও মায়াময় সফলতা
জীবনের অংকটা মিলিয়েছো কি
করেছো কি হৃদয়ের হালখাতা

পাথরের বুকে ঘষে
কখনো কি নিজেকে করেছো যাচাই
বাধার প্রাচীর ভেঙে জীবনের ধাপে ধাপে
পরীক্ষায় নিজেকে করেছো বাছাই
কখনো কি খুঁজেছো কোন দিকে উড়ে যায়
জীবনের ঝরা পাতা

নিজেকে নিজের কাছে পরখ করো
দেখে নাও খুঁজে নাও
জোয়ারেতে গা ভেসে
কেউ কি কখনো হয়েছে বড়ো

কাঁটাদের অশ্রুতে
ফুটে ওঠে মনোহরা টসটসে ফুল
সেই তো সফল হয় যারা দেখে আয়নায়
নিজেদের অতীতের শাদা কালো ভুল
যদি আজ পেতে চাও সফলতা
স্বপ্নের সাথে তুমি সাহস জাগাও
আল্লাহর কাছে সঁপো উচু এ মাথা ।

২৭ ০৫ ১২

www.pathagar.com

জীবনমুখী গান

চারিদিকে বৈরি বাতাস
জীবন চলা দায়
আমায় ধরো ওগো দয়াল
তোলো তোমার নায়

হাটে মাঠে অফিস পাড়ায়
বইছে ঝড়ো হাওয়া
সেই হাওয়াতে দুলছি আমি
পাহাড় সমান চাওয়া
ভোগ বিলাশী মনটা আমার
নেশার তরী বায়

মুক্তি নিশান কাবার ছবি
স্বপ্ন আনে মনে
পাগলা ঘোড়া মনটা আমার
সে সব নাহি শোনে

সুখ পাখিটা ধরতে আমার
কাইটা গেলো বেলা
দেয়না ধরা পালায় পাখি
লুকোচুরি খেলা
সুখের নেশা ঘোর কুয়াশা
মিছেই ডেকে যায়।

২০ ০৫ ১২

www.pathagar.com

জীবনমুখী গান

এক ফালি চাঁদ আর তারাদের গাঁয়
ব্যাকুল উদাস এই মন ছুটে যায়
শাওনের বারিধারা হৃদয়ে আমার
জীবনের পথ কবে যাবে মোহনায়

ঝিকিমিকি মুক্তোরা শিশিরের ভাই
আকাশের বুক ছুঁয়ে ঘাসফুলে ঠাঁই
আমার জীবনে কেনো কান্নার ঢেউ
সুখের পায়রা কেনো দূরে চলে যায়

মেঘেদের ছুটাছুটি বিদ্যুৎ হাসে
রক্তের সিঁড়ি বেয়ে স্বাধীনতা আসে
আমার এই মুক্তিটা আর কতো দূরে
আসবে সে শরতে নাকি বরষায়!

৩০ ১০ ০৯

www.pathagar.com

জীবনমুখী গান

আমার মনের নায়ে নয়া বাদাম
পাগলা হাওয়ার ঝড়
দয়াল তুমি রহম করো
দয়া করে হাতটা ধরো
আমায়- কইরো নাকো পর

বিজলী জ্বলে আকাশ জুড়ে
গুড়ুম গুড়ুম দেয়া
আমি অধম নবীন মাঝি
ধরছি পাড়ের খেয়া
স্বপ্ন আমার পাড়ে যাওয়া
সফলতার গজল গাওয়া
আমার- ভেঙ্গো নাকো ঘর

স্বপ্নগুলো বিলাশ মাখা বড়
ঘরের খুঁটি পুরান নড়োবড়ো

দুই কুলেরই কাণ্ডারী গো
ধরো নায়ের হাল
ঝড়ের তোড়ে টলছে যে নাও
ছিঁড়বে বুঝি পাল
তৃষ্ণা যেন মরুভূমি
তুমি আদি অন্ত তুমি
সবকিছু নশ্বর
দয়াল- কইরো নাকো পর।

২০ ০৫ ১২

www.pathagar.com

জীবনমুখী গান

মনটা আমার স্বপ্নভেজা পাখি
ফুলের বনে সুখ নয়নে
সুরের মাখামাখি

উড়াল দেবার পাখনা খোঁজে
জীবন চাকায় রোজে রোজে
ভাগ্যে জোটে ফাঁকি
মনটা আমার স্বপ্নভেজা পাখি

মাঝ দরিয়ায় সাঁতার কেটে
কিংবা বালির চরে হেঁটে
ক্লান্ত হতাশ আঁখি
মনটা আমার স্বপ্নভেজা পাখি

দয়াল এবার দয়া করো
নিজের হাতে হালটা ধরো
ভালবাসায় ঢাকি
মনটা আমার স্বপ্নভেজা পাখি।

১৪ ০২ ১২

www.pathagar.com

জীবনমুখী গান

বাতাস দেখে পাল তুলেছি
রোদের ভয়ে ছই
হাল ধরেছি শক্ত করে
(তবু) নদীর কিনার কই

ভাটি গাঙের মাঝি আমি
উজান গাঙে যাই
পরের বোঝা টানতে গিয়ে
নিজের খবর নাই
ঝড়ের নিশান দেখে আমি
কেন ভীত হই

সারা জীবন কাটলো আমার
নৌকা বেয়ে বেয়ে
পাইনি আজো কুলের নাগাল
থাকছি শুধু চেয়ে

পরপারের মাঝি ওগো
নিদান কালের সাথী
নায়ের বুঝি পাল ছিঁড়েছে
চলছে গহীন রাতি
তুমি ছাড়া আন্ধা আমি
কেমনে বৈঠা বাই।

০৮ ০৫ ০৩

www.pathagar.com

জীবনমুখী গান

কি করে আমায় তুমি ভয় দেখাবে
কি করে সাহসের পথ রুখবে তুমি
কি করে এ পথ আমায় ভুলতে বলো
আল্লাহর রাহে জীবন সপেছি আমি

পাহাড়ের চুড়া দেখে পথ হেঁটে যাই
অথৈ সাগর দেখে নিজেকে সাজাই
কালিমার বাণী থেকে সাহস আনি
প্রভুর ধ্যানে কাটাই দিন রজনী

ঘরগুলো ঘর নেই সব ঘর যেন এক বন্দিশালা
পাষাণে বেধেছি বুক নেইতো জেলের ভয় নেইতো জ্বালা

বদরের প্রান্তর ডাক দিয়ে যায়
আমির হামযা ডাকে আয় সাথী আয়
তবুও কি করে তুমি রুখবে আমায়
এখন তো নেই আর আমাতে আমি ।

০৫ ৩ ১০

সুর: জাহাঙ্গীর আলম
এ্যালবাম: সম্মেলনের গান'১২
সমন্বিত সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জীবনমুখী গান

হতাশ হয়োনা তুমি হয়োনা হতাশ
সামনে এগিয়ে দ্যাখো উদার আকাশ

রজনী গভীর হলে প্রভাত কাছে
তটিনী শুকালে আবার শাওন আছে
তুমিও কখনো তাই হয়োনা নিরাশ

জীবনের রংধনু রড়ই নিঠুর
পথের স্মৃতির পাতা বেদনা বিধুর
বৈশাখী বয়ে আনে নতুন আবাস

পাখিদের গানে আসে স্নিগ্ধ আলো
মঞ্জিলে যেতে আরো কষ্ট ঢালো
বইবে জীবনে তোমার দখিনা বাতাস।

২৯ ১০ ৯৪

সুরঃ মতিউর রহমান খালেদ

www.pathagar.com

জীবনমুখী গান

রাতের আঁধার দূর হলোনা
আসলো নারে ভোর
নয়তো ফজর জোহর এখন
খোলরে মনের দোর

জীবন এখন শূন্য মরু
দেখলি নারে চেয়ে
থাকলি বসে সুখের আশে
বালির সাগর পেয়ে
রোদের তাপেও ঘুম ছোটেনা
কেমন আঁখি তোর

জীবন যে তোর যায় ফুরিয়ে
কোথায় নায়ের পাল
জীবন তরী খাইলো মাটি
আজ কেন বেহাল

যত্ন করে পুষলি যারে
খাইয়া নেবে মাটিই তারে
আলসে বসে রইলি তবু
ফেলরে আঁখি লোর
নাইরে উপায় তোর ।

২০ ০৪ ০৩

সুরঃ মাসুদ রানা
এ্যালবামঃ নবীন প্রাণের মেলা
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জীবনমুখী গান

দিন থেকে রাত আসে
রাত থেকে দিন
সময়ের দ্যোতনায়
বেড়ে যায় ঋণ

শালিকের ঝাঁক ওড়ে আকাশের গায়
ঝিঁঝিঁ পোকা ডেকে যায় মন দ্যোতনায়
গোলাপের পাপড়িতে শিশিরের চিন
মনের আয়না তবু দেখেনা সুদিন

সোনার স্বপ্ন ভাসে চোখের পাতায়
ফেরেনা হৃদয় তবু হৃদয় কোলে
কালো দাগ জমা হলো আমল খাতায়
আলেয়ার মোহে তবু মনটা দোলে

এক দিন চলে যাবো স্বপ্নটা শেষ
আগুনের লেলিহান দহন অশেষ
কান্নার ফল নেই শুনবেনা কেউ
তবে কেন মাতোয়ারা মিছেই দুদিন।

২০ ০৪ ০৩

www.pathagar.com

জীবনমুখী গান

টিক টিক করে চলে ঘড়িটা
ফুল হয়ে ঝরে গেল কুঁড়িটা
তোমার আমার জীবন এমনি ক্ষণিক
সাঁঝে যেমন নামে ঘুড়িটা

শাদা মেঘের মতো কোন সে দেশে
জীবনের সব কিছু চলছে ভেসে
উড়ন্ত পাপিয়া দোয়েল সবাই
মাটিতে পড়া ঐ ছায়াটা

দুদিনের ভালোবাসা
ক্ষণিকের মেলামেশা
সব কিছু আলেয়ার আলো
গোলাপের আশপাশ
করলে বসবাস
গন্ধ মিলবে তবু ভালো

রাসূলের পথ ধরে এসো চলে যাই
তার মতো বন্ধু আর কেহ নাই
ব্যস্ত দুনিয়া আর আখিরাতে
মিলবে মুক্তির রবিটা।

২৫ ০৮ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জীবনমুখী গান

দখিনা হাওয়ায় পাতা নড়ে
কিছু পাতা থেকে যায়
কিছু পাতা ঝরে

আকাশের মেঘমালা মিশে যায় দূরে
নয়নের দৃষ্টি নীল যায় ফুঁড়ে
নদীরা হারিয়ে যায়
জীবনের মোহনায়
মানুষও চলে যায় দূর পারাপারে

দুনিয়ার টাকা কড়ি
সুখের প্রাসাদ গড়ি
থাকবেনা চিরদিন কেউ
নিঠুর ধরনী পরে
কি হবে প্রাসাদ গড়ে
ক্ষণিক সাগরের এই ঢেউ

জীবনের স্মৃতিগুলো দেয় বেদনা
কি হবে সয়ে সয়ে এত যাতনা
জীবন তরীর ফাঁকে
হাতছানি দিয়ে ডাকে
কি হাতে চলে যাব এ ধরণী ছেড়ে।

০৮ ০৯ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জীবনমুখী গান

জীবন নদীর নাইয়া
উত্তাল ঢেউয়ের তালে
সময় তরীর বৈঠা ফেলে
চলছ কোথায় বাইয়া

আষাঢ় শাওন বান ডেকেছে
দুকুল নদীর ভরা
কদিন ছিল স্বচ্ছ পানি
ছিল চৈতের খরা
এখন তোমার গানের সময়
সুজন মাঝি হইয়া

চলতে পথেই থামবে জোয়ার
জাগবে ধুধু চর
নৌকা তোমার চলবে না তো
সবাই হবে পর
লইছ কি না পথের কড়ি
যাওনা তুমি কইয়া।

০২ ০৭ ০৪

www.pathagar.com

জীবনমুখী গান

জীবন চাকা কলের মতো
ঘুরলো জীবন ভর
সকাল দুপুর সবাই আপন
সাঁঝের বেলা পর
আমি কেমনে বাঁধি ঘর

সকাল গেল খেলার ছলে
দুপুর গেল রঙ্গ রসে
বাঁশ বাগানেই সাঁঝ হলো মোর
কিনবো কখন খড়
আমি কেমনে বাঁধি ঘর

সোনার আলোয় দিন কাটেনি
মনটা ছিল ভারি
সাঁঝ বিকেলে কাল বোশেখী
উড়ছে বকের সারি

জীবন পথে গহীন কালো
নেইকো তারা জ্বালবে আলো
চাওয়ার পালা শেষ হলো আজ
সবই আমার পর।

১৭ ০৫ ০৫

সুরঃ মাসুদ রানা
এ্যালবামঃ জীবন চাকা
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জীবনমুখী গান

রাতের কালো ঘোড় সওয়ারী
সকল সময় চোখের আড়াল থাকতে চায়
সাধের লাগাম আকাশ ছোঁয়া
উষ্ণতাপে কাবার গিলাপ বুকের মাঝে রাখতে চায়

বুকের ছাতি নয়কো অনেক বড়
স্বপ্নগুলো ভীতু জড়োসড়ো
কাজের বেলা অলস যে তার মন
কেমনে সে আজ পাড়ি দেবে পাহাড় নদী বন
মনে তবু বিজয় হওয়া সুখের ছবি আঁকতে চায়

উদাস বাউল পুরান খুঁটির ঘর
বইছে ভীষণ পাগলা হাওয়ার ঝড়
ঝড়ের মাতম সামাল দিতে তাই
কাবার মালিক সুখের মালিক সঙ্গী থাকা চাই
শেষ বিকেলে অশ্রু ঢেলে রহীম নামে ডাকতে চায়

রহীম করিম গফুর নামে যিনি
দুঃখ সুখের সকল মালিক তিনি
ঘোড় সওয়ারী চোখের আড়াল নয়
স্বপ্ন মেখে যাও এগিয়ে হবেই তোমার জয়
উদার সে যে ফিরলে পথে ভালবাসায় ঢাকতে চায়।

০৫ ১২ ০৫

সুরঃ আবদুশ শাকুর তুহিন
এ্যালবামঃ হৃদয়পুরের গীতি

www.pathagar.com

জীবনমুখী গান

ও মনরে তুই লাগাম ছাড়া ঘোড়া
কাজ শুধু তোর স্বপ্ন আঁকা
সহজ পথেও চলিস বাঁকা
পাখনা মেলে দেশ বিদেশে
জীবনটাকে রঙিন বেশে
সুখের বনে ওড়া

তুইতো জানিস সুযোগ আমার কতো
সীমার বাঁধন চলার পথে শত
পয়সা কড়ি সুখের জীবন
সবার কি আর হয়রে আপন
তবু কেন বুঝিস না তুই
খুলিস না চোখ জোড়া

যা পেয়েছিস তাইবা অল্প কিসে
চাইলে বেশী মরবিরে তুই চোখের জ্বালা বিষে

দেহের চাওয়া মনের চাওয়া চোখের চাওয়ায় আগুন
পাইবিনা সুখ অনেক পেয়েও যতই আসুক ফাগুন
সেই ভালো আজ লাগাম টেনে
সহজ জীবন নে রে মেনে
দেখবি তখন সুখের পাখি
নয়তো কপাল পোড়া ।

২০ ০২ ০৬

সুরঃ মাসুদ রানা
এ্যালবামঃ লাগাম ছাড়া ঘোড়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জীবনমুখী গান

জীবন ঘুড়ি উড়াইয়া দিয়া
লাটাই হাতে খেলতাছে (বিধি)
ঘুড়ি শুধু পাখি ভাইবা
রঙিন পাখা মেলতাছে

ঘুড়ির চোখে স্বপ্ন ভাসে
উড়বে ঘুড়বে সাত আকাশে
রঙিন বেশে মেঘের দেশে
মনের আবেগ ফেলতাছে

শ্বেত পাথরের বালাখানা
চোখ ধাঁধানো নতুন গাড়ি
মন বিলাশী তাও থামেনা

মেঘে মেঘে কাটলো বেলা
সাঙ্গ হলো স্বপ্ন খেলা
সাঁঝের আঁধার নামলো জেনে
ভুলের বোঝা ঠেলতাছে
ও মন, চোখের পানি ফেলতাছে।

০৮ ০৫ ০৬

www.pathagar.com

জীবনমুখী গান

জীবনটা যেন এক টগবগে সূর্যের দেশ
গান আর কথা বলা
পাথরের মতো জ্বলা
অনেক পাবার তরে ছুটতেই সব কিছু শেষ

চোখে ভাসে কাপ্তাই কিংবা সাগরের নীল
গোলাপের রঙ দেখি খুঁজে ফিরি শাপলার ঝিল
সবখানে ধুধু মরু
শান্তির নেই কোন রেশ

চোখে জাগে পাখিদের মুক্ত আকাশ
খুঁজে ফিরি ইনানী- শান্তি বাতাস

মাধবকুণ্ডু খুঁজি পেয়ে যাই অগ্নিগিরি
জান্নাত চোখে ভাসে পারি নাই গড়তে সিঁড়ি
পেতে চাই সেই মন
দাও খোদা সেই পরিবেশ।

০৬ ০৬ ০৬

www.pathagar.com

জীবনমুখী গান

জীবন জুড়ে সুখের পরশ চাই
যেই জীবনে তৃপ্তি আছে শান্তি আছে
সব হারানোর নীল বেদনা নাই

একটা জীবন সেই জীবনে স্বপ্ন আছে
লক্ষ কোটি হাজারে
স্বপ্নগুলো ভালোর মতো
দিনের সূরুজ আলোর মতো
কিন্তু যে তার মূল বিনিয়োগ করতে আজো
পাইনি ভবের বাজারে
সত্য ভুলে মিথ্যা পথে যাই

ভাবছি সদা অনেক পেলেই এই জীবনে
শান্তি পাবো খুব
ঘোর কুয়াশার শাদার মতো
চীনের প্রাচীর বাঁধার মতো
মন বাগানে হাজার বাধা জটলা পাকায়
দেখায় ধাঁধা রূপ
শান্তি সুখের পথের দিশা চাই।

০৬ ০৬ ০৬

www.pathagar.com

জীবনমুখী গান

ডাল যদি ভেঙে যায়
ফুল ঝরে যায় আপনাতেই
আকাশের চাঁদ যদি রাতে নিভে যায়
আঁধার ছড়িয়ে যায় এমনিতেই

শরতের কাশবনে কতো হাসি গান
শিউলী বকুল তলে মনোহরী ঘ্রাণ
শরৎ চলে গেলে
শিমুল পলাশ এলে
শিউলী কাশবন কেউ কোথা নেই

কুয়াশায় ঢাকা থাকে হেমন্তের সকাল
চকচকে অপ্রিয় ফলটি মাকাল

গোধুলির নীলিমা নয় দিবসের আভাস
ক্ষণিকে আঁধারে ঢাকে সোনালী আকাশ
কি হবে ভবেতে মেতে
পরপারে হবে যেতে
আসল জীবন তো পরকালেই।

০৮ ০৯ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

জীবনমুখী গান

বিশ্বাসে ভরে দেবো হৃদয়ের আকাশ জমিন
যদি তুমি সাথী হও, চাষী হও হৃদয় মনে
শরতের কাশফুল কুলে কুলে জাগাবে সাড়া
ফুল হয়ে পাখি হয়ে মননের সবুজ বনে

আলেয়ারা ছেয়ে গেছে আকাশের সকল তারায়
ঝলসানো রূপ-রস বুকে বুকে তৃষ্ণা বাড়ায়
সকলেই সব বোঝে আলেয়ারা আলো নয়
বিশ্বাস কুড়ে খায় এই আলো ভালো নয়
তবুও নেশার ঘোরে অজানা তৃপ্তি পেতে
মেতে আছে তার পিছে সকল জনে

কালো মেঘ শাদা হবে কাশবনে ছড়াবে মায়া
ঝিরিঝিরি দোলা এসে মনে দেবে বটের ছায়া
হেমন্ত মুছে দেবে চৈতালী রুক্ষতা
গড়ে দেবে জীবনে নতুন এক সখ্যতা
আজ তবে বন্ধু চলে এসো কাছাকাছি
হাতে হাত রাখো এসো স্বপ্নীল মায়াবী ক্ষণে ।

২৮ ০৮ ০৭

www.pathagar.com

জীবনমুখী গান

মনের মাঝে ভালবাসার
গোলাপ যখন ফোটে
ঘোর কুয়াশা মেঘের পাহাড়
ফুঁড়েই সুরুজ ওঠে

নদীর চলা সাগর পানে
মনের আবেগ পাখির গানে
আমিই শুধু আন্ধা পথিক
গানের স্বপন মিছেই আমার
সুর ভাসেনা ঠোঁটে

মনের আকাশ মেঘলা আমার
জোসনা গেছে ঢেকে
তারার নদী অভিমানি
বইছে একে বেঁকে

ছন্দ ফুলের গন্ধ পেতে
তোমার কাছে দাও গো যেতে
তোমার সুরেই মন উতলা
সুখ পাখিটা উড়াল দিয়ে
ছায়া ফেলে ছোটে।

২২ ০৪ ০৭

সুরঃ আবদুশ শাকুর তুহিন
এ্যালবামঃ হৃদয়পুরের গীতি

www.pathagar.com

বৈশাখী গান

এই জীবনে একটা বোশেখ চাই
যে বোশেখে মিথ্যে কালো ধ্বংস করে
যে বোশেখে নিত্য নতুন স্বপ্ন গড়ে
কালো টাকা ধাপ্পাবাজি কারোর সাথেই নাই

জীবন যখন ছন্দ হারায় চলার পথে
কিংবা যখন মন্দ ছড়ায় ভালোর সাথে
কালবোশেখী ঝাপটা মেরে দেয় গুড়িয়ে মন্দগুলো
আনতে সুদিন- ছন্দগুলো
জীবন মাঠে খরার তাপে তেমন বোশেখ চাই

শীতের শেষে ফাগুন এসে স্বপ্ন দেখায় ডালে
চৈতালীতে মনটা উদাস কান্না নদী খালে

জীবন খালে রোল উঠেছে বাঁচাও বাঁচাও আজ
স্বপ্নগুলো মলিন হলো ভাঙলো কারুকাজ
গড়তে হলে নতুন জীবন কিংবা ঠেলে নতুন পথের চাকা
আশার ছবি আঁকা
সোনার দেশে সোনার মানুষ সোনার ফসল চাই।

১৯ ০৮ ০৮

www.pathagar.com

ছড়াগান

পড়া এবং পড়া
শব্দটা যে কড়া

আম্মু আমার বুঝেনা ছাই
কিসে আমি সুখ খুঁজে পাই
বইয়ের পাতা দেখলে আমার
চোখটা ছানাবড়া

অংক দেখে জ্বর আসে আর
ইংরেজি না বুঝি
ভূগোলটা যে বেশ প্যাঁচানো
বাংলা ছড়া খুঁজি
স্যারের ভয়ে বুকটা কাঁপে
মেজাজ ভীষণ কড়া

লেবু গাছের টুনটুনিটা
থাকছে কত সুখে
অংক ভূগোল ইংরেজি নেই
গান ছড়া তার মুখে

আমি যদি পাখি হতাম
উড়ে যেতাম দূরে
বিশ্বটাকে ঘুরে নিতাম
পাতায় ফুলে দিন কাটাতাম
লাগতো না আর পড়া।

০৪ ০৪ ০৩

www.pathagar.com

ছড়াগান

ফুলের সুবাস বাগান জুড়ে
স্বপ্নদেশে কুঁড়ি
সামনে যাবো সফল হবো
উড়াই ইচ্ছে ঘুড়ি

প্রেম দরিয়ায় কোকিল কুহু
যায় পালিয়ে কাক
বড় হবার স্বপ্ন নিয়ে
উড়াল দেবার ডাক
সে ডাক পেয়ে স্বপ্ন মেখে
নীল আকাশে উড়ি

মুক্তি আলোর হাতছানিতে
মন সাগরে ঢেউ
সবাই এসো একসাথে যাই
বাদ যাবেনা কেউ
ফুল বাগানে সবাই এসো
নতুন পুরান কুঁড়ি।

১৯ ৬ ১২

www.pathagar.com

ছড়াগান

পাতার ভেতর ফুল লুকিয়ে
ফুলের ভেতর পাতা
গাছটা যেনো উদাস বাউল
আগলে রাখা ছাতা

পাখির আবাস কিচির মিচির
নূপুর পায়ে বায়ু
স্নিগ্ধ সুবাস মনটা কাড়ে
যায় বেড়ে যায় আয়ু
ছায়ার মায়ায় যায় মিলিয়ে
জীবন হিসেব খাতা

চর্তুদিকে সবুজ ফসল মাঠ
অনেক দূরে শেওড়া নদীর ঘাট
কাঠফাটা রোদ উদাস দূপুর
বাঁশের বাঁশির একটানা সুর
ক্লান্ত কিষাণ রাখাল বালক
বকের সারি শুভ্র পালক
তারই ফাঁকে শোকর জানায়
সিজদানত পাতা

আমরা মানুষ সবার সেরা
ইচ্ছে মতোই চলা ফেরা
ইচ্ছে মতোই জীবন যাপন
সবাই সেবক সবাই আপন
থাকতে সময় কাজ করে নেই
মিলাই হিসেব খাতা।

১১ ০২ ১১

www.pathagar.com

ছড়াগান

ঝড় উঠেছে ঝড়
আম কুড়ানির হৈ হৈ রৈ
বালতি খাঁচা বস্তাটা কই
কাঁচা আমের গন্ধ আসে
জিভ সাগরে জোয়ার ভাসে
ডালগুলো মড়মড়
ঝড় উঠেছে ঝড়

চৈতি হাওয়া কাল বোশেখী
মাতম তোলে গাছে
চুপটি ঘরে থাকবে বসে
এমন কে আর আছে!
মন বাগানে নতুন আমেজ
বুক করে ধড়ফড়
ঝড় উঠেছে ঝড়

বাঁশ বাগানে বকের ছানা
পাগলা ঝড়ে ভেংগে ডানা
ডুকরে কাঁদে বাঁচাও আমায়
কেইবা আছে কান্না থামায়
খড়কুড়োনি চমকে ওঠে
নতুন বালু চর
ঝড় উঠেছে ঝড় ।

১১ ০৩ ০৬

www.pathagar.com

ছড়াগান

পড়ার সময় পড়া আর
লেখার সময় লেখা
নিয়মনীতি মানলে পাব
সফলতার দেখা

খেলার সময় খেলা আর
খাওয়ার সময় খাওয়া
সঠিক সময় হতে হবে
সঠিকভাবে নাওয়া
আব্বা আম্মার কথা শোনা
দীন দুনিয়া শেখা

নামাজ পড়ার সময় হলে
মসজিদে যাওয়া
কুরান হাদীস পড়তে হবে
লাগবে জ্ঞানের হাওয়া
তবেই মোরা চিনতে পাব
কোনটা সরল রেখা।

১৫ ০২ ৯৪

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ ডাক দিয়ে যাই
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

আঞ্চলিক গান

এ বিল্লু - উংক্যা উটি অয়া আছু ক্যা
লয়া জামার বাড়িত যামু
খরচ্যা পাতি সাজন লিমু
ভাউড়া লিয়া যাবু ন্যা

হ হ যামুই তো হ

তা'লে উংক্যা উটি অয়া আছু ক্যা

কি কি লিমু কন না ক্যা
কি কি লিমু কন
ক্যাংকা গাড়ি ঠিক করমু
যামুই বা কয় জন

মহাস্থানের কটকটি লে
মহররমের দই
আকবরিয়ার মিষ্টি লিবু
খাউড়া বিলের কই
ইলশা মাগুর দুইটা খাশি
পান সুপারী লিবু ন্যা

হ লিমুই তো হ
তা'লে উংক্যা উটি অয়া আছু ক্যা

বিড়া দশেক পান লিয়া লে
ফত্তে আলীত থাক্যা
কেজি দুয়েক লে সুপারি
ভালো ভালো দেখ্যা
বিয়ান বিয়ার লুঙ্গি শাড়ি
চিনি স্যামাই লিবু ন্যা?

হ, হ, লিমুই তো হ
তা'লেউংক্যা উটি অয়া আছু ক্যা ।

০১ ১২ ০৮

সুর : মাহফুজুর রহমান আখন্দ

www.pathagar.com

আঞ্চলিক গান

হাল জুরব্যার সময় হচেরে
নাঙল গরু লিয়্যা চ
মাচের ভত্তা দিয়া পান্তা খামো
তোর চাচিক যায়্যা ক

ককন আযান দিচে
নমাজ ব্যান হয়্যা গ্যালো শুরু
হামি মজজিদত গেনু
বিল্লু তুই বার করে লে গরু
শুকটু যাচ্চে হাল লিয়া দ্যাক
গরুক কচ্চে ডান বাঁও হ্

বাশেত থোপের মদে
পাকি চিগর‍্যা চিগরি করে
মুগরির ঘরার মদে
মোরকট্যা লল্লি ফাট্যা মরে
তুরকেরে নিন ভাংগে না ক্যা
আর একটা আত লাগবি নাকি ক

ক্যারে অপির মাও
তুইও ক্যা উংক্যা আলস্যা হলু
ব্যায়না উট্যা পানতা দিবু
আগা আত্তেরে কয়া থুলু
অপিক শপিক টপ কর‍্যা ওট
নমাজত যাওয়া লাগবি চ

২৬ ০৯ ৯৬

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ জেগে ওঠো
অভিযান শিল্পী গোষ্ঠী, বগুড়া

www.pathagar.com

আঞ্চলিক গান

এ বিল্‌লু চ মাচ মারব্যার যাই
ট্যাংরা সাত্যান গচি মাগুর
যদিল কিচু পাই
রে বিলু চ মাচ মারব্যার যাই

হামি লিমু তৌরা
আর তুই লি একখান পলি
শুকটু মিয়াক ডাক দিয়া ক
ধরবি হিনি খলি
সমান কর‍্যা ভাগ করমুনি
সগলি তো হামরাই

ছপ ছপা ছপ মারমু পলি
তৌরা ছরাত কর‍্যা
হিড়িস হিড়িস টান পরলে
ডুবদ্যা লিমু ধর‍্যা
টপ টপা টপ ভাজ্যা খামো
যদিল কই মাচ পাই

করত্যা লদিত মাচ না হলে
মহাস্তানত যামো
সগলি মিল্যা ফুর্তি কর‍্যা কটকট্যা খামো
বাগো পারার দই খিল্যামু
অয়ার সময় নাই।

১২ ০৭ ৯৪

সুর: মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবাম: স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

আঞ্চলিক গান

মুই বসে থাকিম বারিতে
আর যাবানম গোয়েন্দাগিরিতে
গোয়েন্দাগিরিত যায়া যায়া
জীবনের আর নাই যে মায়া
ককন কুনটি মরে থাকিম
লাশ তুলবে গাড়িতে

ওড মাস্টারি চাকরি কললুম
সারা জীবন ধর‍্যা
অকাম টকাম যত আচে
সগি গেলুম কর‍্যা
বাহে পাচখান বছর ফেল কচচম
ঢ্যাক্কা খাচম মেট্টিকে

দোস্তহেরে কতা শুন্যা
মাস্তানী কচচোম
সেই জন্য জীবনে মুই
এ্যাংকা মচচম
ও বাহে কোরান পরা শিকিম একন
টান দিবানম বিরিতে ।

১১ ০৩ ৯২

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ
এ্যালবামঃ স্বপ্নীল করতোয়া
সমন্বয় সাহিত্য সাংস্কৃতিক সংসদ

www.pathagar.com

আঞ্চলিক গান

সার চাউল আর ত্যালের জন্যে
দ্যাশের মানুষ মরিচ্চে
ও দ্যাশের জনগণ
নেতা নেত্রী মন্ত্রিরা সব
ট্যাকার পাহার গরিচ্চে

চাষী ভাইর‍্যা চুপস্যা গ্যাচে
ইরির আবাদ কর‍্যা
চাউল কিনবি ন্যা ভিঁয়ত দিবি সার
চিন্ত্যাত সগলি মরিচ্চে

চিগর‍্যা ডুগর‍্যা কি হবি আর
দুঃকের কতা কয়্যা
বরো বাবুর‍্যা কানত লিবিলয়
থাকপি খালি অয়া

চাষা ভূষার দুঃক কস্ট
কেউই বুজব্যাল্লয়
চিগর‍্যা খালি হামাকেরে
গালা হবি খয়
তাই আল্লার কাচে বিচার দিমু
চোকের পানি পরিচ্চে ।

১২ ০৪ ৯৫

সুরঃ মাহফুজুর রহমান আখন্দ

www.pathagar.com

www.pathagar.com

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক বিশিষ্ট কবি ও সংস্কৃতিপ্রেমী মাহফুজুর রহমান আখন্দ-এর 'হৃদয় বাঁশির সুর' শিরোনামে একটি গীতিগ্রন্থ প্রকাশিত হতে যাচ্ছে। আমাদের সঙ্গীত ও সংস্কৃতিচর্চার প্রেক্ষাপটে এটা নিঃসন্দেহে একটি শুভ উদ্যোগ। নানা ধরনের নানা বিষয়ে ১২০ টি গানের সংকলন এ বইটি নানা কারণে সবিশেষ উল্লেখযোগ্য, বিশেষ করে মানসম্মত ভালো গানের অভাব যখন প্রকট হয়ে উঠছে, তখন এই ধরনের একটি গীতিসংকলন আশাকরি আমাদের গানের জগতে অবশ্যই একটি প্রাণবান ঐশ্বর্যস্বরূপ গৃহীত ও বিবেচিত হবে। বেশি কথা বলবার নেই, বইটি হাতে পেলে বিদগ্ধ পাঠক নিজেই সানন্দে উপলব্ধি করবেন, গানগুলির মূল্য ও মান প্রকৃতই কতটা শিল্পসম্মত এবং সত্যই কতখানি অকৃত্রিম প্রাণরসে সিক্ত ও নান্দনিকতায় সুরভিত।

আমি নিজে একদা গান লেখায় কথকিঞ্চিৎ নিবিষ্ট ও উৎসাহী ছিলাম; আমার কিছু গান অল্পাধিক জনপ্রিয়ও হয়েছিল। অবশ্য আজ যদিও আমার অবস্থান গান থেকে বহু দূরবর্তী, কিন্তু সেই পুরাতন অধিকার থেকে ডক্টর আখন্দ-এর গানগুলি নিয়ে দু'একটি কথা বলা বোধ হয় একেবারে অসংগত হবে না। কোন সন্দেহ নেই, গান লেখা অনেকের কাছেই একটি লঘু বিষয়, যে কারণে ভালো গানের অভাব যেমন ক্রমশ স্পষ্ট হয়ে উঠছে, নান্দনিক বোধসম্পন্ন গীতিকারের সমূহ অভাবও পরিলক্ষিত হচ্ছে। জীবনানন্দ একদা বলেছিলেন, 'সকলেই কবি নয়, কেউ কেউ কবি।' এই কথার অনুসরণে আমরাও বলতে পারি, গান যারা লেখেন তারা সকলেই গীতিকার নয়, কেউ কেউ মাত্র নান্দনিক চেতনাসমৃদ্ধ গীতিকার। বস্তুত, উৎকৃষ্ট গান রচনার জন্য তিনটি বিষয় একান্তভাবে আবশ্যক: প্রগাঢ় কল্পনাশক্তি, পরিমিত আবেগ এবং ছন্দের উপর যথোচিত প্রভূত্ব। বলতে লুব্ধ হই, অধ্যাপক আখন্দ- এর রচনাশৈলীর মধ্যে এই তিনটি গুণই বর্তমান, যা তাঁর গানকে নান্দনিক সুষমায় ঋদ্ধ-সমৃদ্ধ ও হৃদয়গ্রাহী করেছে। সকল প্রশংসা একমাত্র আল্লাহর; আল্লাহ পাক মাহফুজুর রহমান আখন্দ-কে প্রিয়জ্ঞানে গ্রহণ করুন এবং আশাতীত সাফল্য দান করুন, এই শুভকামনাসহ–

আবু জাফর
১০৯, এস বি রোড
কুষ্টিয়া
নভেম্বর, ১৫. ২০১২